২০১১

# বাংলা

## প্রথম পত্র

(নতুন পাঠক্রম)

পূর্ণমান : ১০০ সময় : চার ঘণ্টা

প্রতি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে।

দক্ষিণ প্রান্তের সংখ্যা মানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।

## প্রথম অর্ধ

মান : ৫০

৭সংখ্যক প্রশ্নটির উত্তরদান আবশ্যিক। ১ থেকে ৬ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো **তিনটির** উত্তর দিতে হবে।

১। প্রাচীন ও মধ্যযুগের বাংলা-সাহিত্যের প্রধান বৈশিষ্ট্যগুলির বিশদ আলোচনা করুন। ১৬

২। শ্রীমদ্ভাগবত অনুবাদে মালাধর বসুর কৃতিত্ব নির্ণয় করুন। ১৬

৩। বৈষ্ণব পদাবলী সৃষ্টিতে গোবিন্দদাস কবিরাজের অসামান্যতার দিকগুলির পরিচয় দিন। ১৬

৪। 'নাথ সাহিত্য' বলতে কী বোঝায়? এই সাহিত্য-ধারার অভিনবতার দিকগুলি নির্দেশ করুন। ১৬

৫। আরাকান-রাজসভার যে-কোনো একজন শ্রেষ্ঠ কবির কৃতিত্ব বিচার করুন। ১৬

৬। ভারতচন্দ্রকে 'যুগসন্ধিক্ষণের কবি' বলা হয়। তার কারণ উল্লেখ করে আপনার নিজস্ব অভিমত দিন। ১৬

৭। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিন : ১ + ১ = ২

(ক) ড. সুকুমার সেন রচিত সাহিত্যের ইতিহাস গ্রন্থটির নাম কী?

(খ) রামানন্দ যতি কে ছিলেন?

## দ্বিতীয় অর্ধ

মান : ৫০

৭সংখ্যক প্রশ্নটি আবশ্যিক। ১ থেকে ৬ সংখ্যক প্রশ্নের মধ্যে
যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১। ঈশ্বরচন্দ্র গুপ্ত বাংলা কবিতার ইতিহাসে প্রাচীন ও নবীনের যে মিলন ঘটিয়েছিলেন, তা উদাহরণসহ আলোচনা করুন। ১৬

২। বাংলা উপন্যাসের ধারায় হরপ্রসাদ শাস্ত্রী ও রমেশচন্দ্র দত্তের বিশেষত্ব বিচার করুন। ১৬

৩। বাংলা নাটকে দ্বিজেন্দ্রলাল রায় এক অসামান্য নাট্যকার — আলোচনা করুন। ১৬

৪। রবীন্দ্রনাটক বাংলা নাট্যধারায় ব্যতিক্রমী সংযোজন — এই মন্তব্যটির সমীচীনতা দৃষ্টান্তসহ আলোচনা করুন। ১৬

৫। বাংলা সাময়িকপত্রের ইতিহাসে 'তত্ত্ববোধিনী' বা 'ভারতী' পত্রিকার গুরুত্ব বিচার করুন। ১৬

৬। জীবনানন্দ দাশ বা বিষ্ণু দের কবিতায় আধুনিক বাংলা কবিতার পালাবদল ঘটেছে। মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন। ১৬

৭। পূর্ণবাক্যে উত্তর দিন : ১ + ১ = ২

(ক) 'প্রভাবতী-সম্ভাষণ' এর লেখক কে?

(খ) 'যত দূরেই যাই' কবিতাসংকলনটি কার লেখা?

---

২০১১

# বাংলা

## দ্বিতীয় পত্র

(নতুন পাঠক্রম)

পূর্ণমান : ১০০ সময় : চার ঘণ্টা

প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তর পত্রে লিখতে হবে।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি মানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় দিতে হবে।

### প্রথম অর্ধ

মান : ৫০

১। পাঠ্যসূচি-অন্তর্ভুক্ত 'কাহেরে ঘিনি মেলি অচ্ছহু কীস' (৬ সংখ্যক) ও ''সোনে ভরিতী করুণা নাবী' (৮ সংখ্যক) পদ অনুসরণে ধর্মের সাধন-পদ্ধতির যে ছবি পাওয়া তা আলোচনা করুন। ১৬

**অথবা**

পাঠ্য 'চর্যাগীতি'র মধ্যে সমকালের সমাজ জীবনের যে ছবি পাওয়া যায় তা উদ্ধৃতিসহ আলোচনা করুন।

২। 'কে না বাঁশী বাএ বড়ায়ি কালিনী নইকুলে

কে না বাঁশী বাএ বড়ায়ি এ গোঠ গোকুলে'

— এই উক্তির আলোকে 'বংশীখণ্ড'-এ রাধার যে বিরহের ছবি পাওবা যায়, তা নিজের ভাষায় বর্ণনা করুন। ১৬

অথবা

'রাধাবিরহ' অংশের উক্তি-প্রত্যুক্তিতে যুগপৎ যে নাটকীয়তা ও গীতিভাবনার সমাবেশ ঘটেছে, দৃষ্টান্ত দিয়ে তা বুঝিয়ে দিন।

৩। 'বিপ্রদাসের কাব্যের অন্যতম বৈশিষ্ট্য ইহাই যে, এখানে কেন্দ্রীয় কাহিনীর সহিত অন্য আখ্যানগুলিও সমান মর্যাদা পাইয়াছে।'— এই মতের সমর্থনে বা বিরোধিতায় আপনার বক্তব্য বিস্তৃতভাবে আলোচনা করুন। ১৬

**অথবা**

বিপ্রদাস তাঁর কাব্যে চাঁদ সদাগর চরিত্রের যে সকল বৈশিষ্ট্য ধরা পড়েছে, তা উদ্ধৃতি-সহ ব্যাখ্যা করুন।

৪। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিতে হবে : ১ + ১ = ২

(ক) 'কা আ তরুবর পঞ্চবি ডাল'। এই 'পঞ্চবি ডাল' বৌদ্ধ পঞ্চস্কন্ধ,— সেগুলি কী কী?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে বড়ু চণ্ডীদাস ছাড়া অন্যান্য যে-সকল ভণিতা কবি ব্যবহার করেছেন তার মধ্যে দুটির উল্লেখ করুন।

## দ্বিতীয় অর্ধ

**মান : ৫০**

**১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।**
**৫সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।**

১। উনিশ শতকের বাংলা সাহিত্যে প্রকৃতি বিষয়ক কবিতার অন্যতম কবি হিসেবে ঈশ্বরচন্দ্র গুপ্ত কতটা সার্থক তা 'গ্রীষ্ম' কবিতা অবলম্বনে আলোচনা করুন। ১৬

**অথবা**

ঈশ্বরচন্দ্র গুপ্তকে অনেক সমালোচক 'যুগসন্ধির কবি' বলেছেন— পাঠ্য কবিতা অবলম্বনে এ বিষয়ে আপনার মতামত ব্যক্ত করুন।

২। হেমচন্দ্রের কবিতায় প্রতিফলিত স্বদেশচেতনার রূপটি পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করুন। ১৬

অথবা

হেমচন্দ্রের কবিতায় যুগবৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে কিনা পাঠ্য কবিতা অবলম্বনে বিচার করুন।

৩। 'ঐতিহ্যের বিপরীতে গিয়ে মধুসূদন 'মেঘনাদবধ কাব্য'তে রাবণকে নায়ক করে তুলেছেন'— মন্তব্যটি বিশ্লেষণ করুন। ১৬

অথবা

'মেঘনাদবধ কাব্য'-এর দুটি নারীচরিত্রের মূল বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন।

৪। 'গিরিন্দ্রমোহিনী দাসীর 'শ্রাবণে' কবিতায় প্রকৃতি প্রেমের সঙ্গে ব্যক্তিগত প্রেমোপলব্ধি মিলে কবিতাটিকে এক নতুন মাত্রা দিয়েছে'— মন্তব্যটি বিচার করুন। ১৬

অথবা

দেবেন্দ্রনাথ সেনের 'অদ্ভুত অভিসার' কবিতায় অভিসারের এক নতুন রূপ ধরা পড়েছে— এ সম্পর্কে আপনার মতামত দিন।

৫। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিন : ১ + ১ = ২

(ক) আপনার পাঠক্রমের অন্তর্গত 'উনিশ শতকের গীতিকবিতা সংকলন'-এর সম্পাদক কে?

(খ) আপনার পাঠ্য 'মাইকেল মধুসূদন দত্ত' কবিতাটি কোন ঘটনার প্রেক্ষিতে লেখা?

২০১১

# বাংলা

## তৃতীয় পত্র

**(নতুন পাঠক্রম)**

পূর্ণমান : ১০০ সময় : চার ঘণ্টা

প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি মানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।

## প্রথম অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিতে হবে।
**৫সংখ্যক প্রশ্নের উত্তরদান** আবশ্যিক।

১। রবীন্দ্রনাথের সৌন্দর্যভাবনা 'চিত্রা' কাব্যে কীভাবে অনন্যসাধারণ শৈল্পিক রসচেতনায় উত্তীর্ণ হয়েছে, তা দৃষ্টান্তসহ দেখান। ১৬

**অথবা**

জীবনদেবতার ভাবনা 'চিত্রা' কাব্যে কীভাবে এসেছে, তা বুঝিয়ে বলুন।

২। "'খেয়া' কাব্যরচনার সময়কার উত্তেজিত বাংলাদেশের সমাজ-পটভূমি যেন এর কবিতায় অনুপস্থিত।' কথাটি বিচার করুন। ১৬

**অথবা**

"'খেয়া' কাব্যগ্রন্থে যেন বিশ্বব্যাপী ঐশ্বরিক লীলা আত্মপ্রকাশ পেয়েছে।' কথাটা দৃষ্টান্তসহ বুঝিয়ে দিন।

৩। ‘পুনশ্চ’-এ গদ্যছন্দ ব্যবহৃত হয়েছে কি লোকজীবনের প্রাত্যহিকতার সুরটিকেই ফুটিয়ে তোলার দরকারে? এ বিষয়ে আপনার মত প্রতিষ্ঠা করুন। ১৬

অথবা

যদি বলা যায়, চিত্রধর্মই ‘পুনশ্চ’ গ্রন্থের কাব্যরসের মূল উপাদান তবে কি ভুল হবে? এর পক্ষের ও বিপক্ষের মতগুলিকে দৃষ্টান্তসহ সাজিয়ে দিন।

৪। রবীন্দ্রনাথের ভ্রমণ-উন্মুখ, মুক্তিকামী চেতনার পরিচয় ‘জন্মদিনে’ কাব্যগ্রন্থে কতটা প্রকাশ পেয়েছে, তা দেখান। ১৬

অথবা

‘জন্ম ও মৃত্যুর সীমানা ছাড়িয়ে কবির মগ্নচৈতন্য যেন আত্মানুসন্ধানের কাজে ব্যাপৃত আছে ‘জন্মদিনে’ কাব্যগ্রন্থে।’ কথাটা উদাহরণযোগে প্রমাণ করুন।

৫। (ক) ‘চিত্রা’ কাব্যগ্রন্থের প্রকাশকালটি লিখুন। ১

(খ) ‘পুনশ্চ’র শেষ কবিতার নাম কী? ১

## দ্বিতীয় অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিতে হবে।
**৫সংখ্যক প্রশ্নটির উত্তরদান আবশ্যিক।**

১। ‘নারীস্তোত্র’ কবিতায় মোহিতলালের দৃষ্টিভঙ্গির স্বরূপ ব্যাখ্যা করুন। ১৬

অথবা

‘অযোগপন্থী’ কবিতায় মোহিতলালের মানস বৈশিষ্ট্যের কী পরিচয় পাওয়া যায় তা ব্যাখ্যা করুন।

২। ‘ফরিয়াদ’ কবিতায় নজরুলের কবি স্বভাবের যে রূপ ধরা পড়েছে তা ব্যাখ্যা করুন।

অথবা

‘আমার কৈফিয়ৎ’ কবিতায় রচনাশৈলীর স্বরূপ বিশ্লেষণ করুন।

৩। জীবনানন্দের কবিতায় প্রকাশিত প্রকৃতিচেতনার বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করুন।

অথবা

জীবনানন্দের 'বোধ' কবিতা অবলম্বনে কবির মানসবৈশিষ্ট্যের স্বরূপ ব্যাখ্যা করুন।

৪। প্রেমেন্দ্র মিত্রের 'কাক ডাকে' কবিতায় কবির বক্তব্য পরিস্ফুট করুন। ১৬

অথবা

সুধীন্দ্রনাথ দত্তের 'সংবর্ত' কবিতার নির্মাণশৈলীর স্বরূপ উন্মোচন করুন।

৫। (ক) জীবনানন্দের 'বোধ' কবিতাটি প্রথম কবে প্রকাশিত হয়? ১

(খ) অমিয় চক্রবর্তীর 'সংগতি' কবিতাটি কোন কাব্যের অন্তর্ভুক্ত? ১

২০১১

# বাংলা

## চতুর্থ পত্র

(নতুন পাঠক্রম)

পূর্ণমান : ১০০ সময় : চার ঘণ্টা

**প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি মানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।

## প্রথম অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিতে হবে।
**৫সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।**

১। বঙ্কিমচন্দ্র তাঁর 'উত্তরচরিত' প্রবন্ধে ভবভূতির নাটকের প্রাচ্য-পাশ্চাত্য সাহিত্যতত্ত্বের আলোকে যে-সমালোচনা করেছেন তার স্বরূপ বিশ্লেষণ করুন। ১৬

**অথবা**

উনিশ শতকের বাংলা গদ্যে প্রযুক্ত ভাষা সম্পর্কে বঙ্কিমচন্দ্রের সুচিন্তিত অভিমত লিপিবদ্ধ হয়েছে 'বাঙ্গালা ভাষা' প্রবন্ধে। মন্তব্যটির আলোকে প্রবন্ধটির পরিচয় দিন।

২। 'বিষবৃক্ষ' উপন্যাসের হীরা চরিত্র বিশ্লেষণ করে এই চরিত্র-চিত্রণে বঙ্কিমচন্দ্রের কৃতিত্ব বুঝিয়ে দিন। ১৬

**অথবা**

'বিষবৃক্ষ' উপন্যাসের নামাঙ্কনের যথার্থতা বিচার করুন।

৩। 'সাহিত্যচর্চা'-র অন্তর্গত 'রামায়ণ' প্রবন্ধ অবলম্বন করে বাল্মীকি-চিত্রিত রাম চরিত্রের পরিচয় দিন এবং সেই প্রসঙ্গে কৃত্তিবাস-চিত্রিত রামের সঙ্গে তুলনামূলক আলোচনা করুন। ১৬

**অথবা**

'বাংলা শিশুসাহিত্য'-এ বুদ্ধদেব বসু অবনীন্দ্রনাথ ঠাকুরের যে-সকল রচনাবৈশিষ্ট্যের কথা বলেছেন সেগুলি আলোচনা করে শিশুসাহিত্যিক হিসাবে তাঁর প্রতিভার মূল্যায়ন করুন।

৪। 'গৃহদাহ' উপন্যাসের অচলার দ্বন্দ্ব এক আধুনিক শিক্ষিত নারীর অন্তর্গত দ্বন্দ্ব।— আলোচনা করে অভিমতটির গ্রহণযোগ্যতা বিচার করুন। ১৬

**অথবা**

'গৃহদাহ' উপন্যাসে উপস্থাপিত মহিমের বাড়িতে আগুন লাগার বাস্তব ঘটনা আসলে উপন্যাসটির মূলগত অভিপ্রায়ের সংকেত-ভাষ্য।— আলোচনা করুন।

৫। (ক) বঙ্কিমচন্দ্রের লেখা 'বাঙ্গালা ভাষা' প্রবন্ধের উপশিরোনামটি কী? ১

(খ) 'গৃহদাহ' উপন্যাসটি কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল? ১

## দ্বিতীয় অর্ধ

**মান : ৫০**

**১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।**
**৫সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।**

১। 'সধবার একাদশী' নাটকের নারী-চরিত্রগুলির নাট্যপ্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করুন। ১৬

**অথবা**

'তুমি একবার নয়ন নিমীলন করে ভাব দেখি, তুমি কি ছিলে, কি হয়েছ।'— কে, কার সম্পর্কে, কেন এই আক্ষেপ করেছে বুঝিয়ে দিন।

২। 'আমার সাজান বাগান শুকিয়ে গেল।'— বক্তার চরিত্র চিত্রণে নাট্যকারের কৃতিত্ব সম্পর্কে আলোচনা করুন। ১৬

**অথবা**

'প্রফুল্ল' নাটকের গঠনকৌশল সম্পর্কে বিস্তারিত আলোচনা করুন।

৩। 'টিনের তলোয়ার' নাটকটিকে কি ঐতিহাসিক নাটক বলা যায়? আপনার মতামত যুক্তিসহ উপস্থিত করুন। ১৬

**অথবা**

'আমার জাত হচ্ছে থিয়েটারওয়ালা, অভিনয় বেচে খাই।'— এই উক্তির বক্তাচরিত্রটি বিশ্লেষণ করুন।

৪। ট্র্যাজেডি হিসাবে 'নুরজাহান' নাটককে কতদূর সার্থক বলা যায়, বিচার করুন। ১৬

**অথবা**

'আমি এই নাটকে দেবচরিত্র সৃষ্টি করিবার চেষ্টা করি নাই।'— চরিত্রসৃষ্টিতে নাট্যকারের কৃতিত্ব বিশ্লেষণ করুন।

৫। ঐ দেশপ্রেম জেগেই শালার সব্বোনাশ হোলো।— কে, কার সম্পর্কে একথা বলেছে?

১ + ১ = ২

---

২০১০

# বাংলা

## প্রথম পত্র

(নতুন পাঠক্রম)

সময়—চার ঘন্টা | পূর্ণমান-১০০

প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।

**দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি মানের নির্দেশক।**

**উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।**

## প্রথম অর্ধ

**মান—৫০**

৭নং প্রশ্নটি আবশ্যিক। ১ থেকে ৬ নম্বরের প্রশ্নের মধ্যে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১। বাংলা সাহিত্যে 'পদ্মাবতী চরণ-চারণ' কবি জয়দেবের অন্তর্ভুক্তির কারণ যুক্তি ও তথ্যযোগে আলোচনা করুন। ১৬

২। বাঙালির জীবন ও সাহিত্যে শ্রীচৈতন্যের অসামান্য প্রভাব নির্ণয় করুন। ১৬

৩। মহাভারতের অনুবাদক হিসেবে কবি কাশীরাম দাসের কৃতিত্ব বিচার করুন। ১৬

৪। চণ্ডীদাস সমস্যাটি কী? এই প্রসঙ্গে পদাবলীর চণ্ডীদাসের অপরূপ কবি-কৃতিত্ব বিচার করুন। ১৬

৫। 'ধর্মমঙ্গল কাব্যে'র প্রধান বৈশিষ্ট্য কি? এই কাব্যধারার অন্যতম শ্রেষ্ঠ কবি মাণিকরাম গাঙ্গুলির কাব্যটির বৈশিষ্ট্য নির্ণয় করুন। ১৬

৬। মনসামঙ্গল কাব্যে বিপ্রদাসের মনসাবিজয়ের গুরুত্ব ও বৈশিষ্ট্য বিচার করুন। ১৬

৭। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিতে হবে : ১+১=২

(ক) মাণিক দত্ত কে ছিলেন?

(খ) খেতুরি মহোৎসব কখন অনুষ্ঠিত হয়?

## দ্বিতীয় অর্ধ

### মান—৫০

৭নং প্রশ্নটি আবশ্যিক। ১ থেকে ৬ নম্বরের প্রশ্নের মধ্যে যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিতে হবে।

১। বাংলা গদ্য নির্মাণে ফোর্ট উইলিয়াম কলেজের গুরুত্ব আলোচনা করুন। এই প্রসঙ্গে ঐ কলেজের দুজন বিখ্যাত গদ্যলেখকের বৈশিষ্ট্য বিশ্লেষণ করুন। ৮+৮=১৬

২। প্রাবন্ধিকরূপে ভূদেব মুখোপাধ্যায়ের বিশেষত্ব আলোচনা করুন। ১৬

৩। বাংলা নাটকে গিরিশচন্দ্রের স্থান নির্ণয় করুন। ১৬

৪। রবীন্দ্রনাথের ছোটোগল্প বাংলায় নতুন এক সাহিত্য-প্রজাতির সূচনা করেছিল। — এই মন্তব্যের আলোকে দুয়েকটি উদাহরণসহ রবীন্দ্রগল্পের নবীনতা আলোচনা করুন। ১৬

৫। বাংলা সাময়িকপত্রের ইতিহাসে 'বঙ্গদর্শন' অথবা 'সবুজপত্র'-এর ভূমিকা নির্ধারণ করুন। ১৬

৬। অমিয় চক্রবর্তীর কবিতা **অথবা** বুদ্ধদেব বসুর কবিতা রবীন্দ্র-পরবর্তী কাব্যজগতে এক ব্যতিক্রমী সৃষ্টি — আলোচনা করুন। ১৬

৭। পূর্ণবাক্যে উত্তর দিন : ১+১=২

(ক) 'চিরকুট' কাব্যগ্রন্থটি কে লিখেছিলেন?

(খ) 'পুনশ্চ' কী জাতীয় কবিতার সংকলনরূপে গণ্য হয়?

# ২০১০
# বাংলা
## দ্বিতীয় পত্র
(নতুন পাঠক্রম)

সময়—চার ঘন্টা পূর্ণমান-১০০

প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।

**দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি মানের নির্দেশক।**

**উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।**

## প্রথম অর্ধ

**মান—৫০**

১। 'চর্যাগীতি'র নামকরণ, সময়, কবি এবং ভাষা নিয়ে পণ্ডিত মহলে যে বিতর্ক আছে, তা আলোচনা ক ১৬

**অথবা**

'চর্যাগীতি'র সাহিত্যমূল্য আলোচনা করুন।

২। শ্রীকৃষ্ণকীর্তনের জন্মখণ্ডে অবতার কৃষ্ণের যে পরিচয় বড়ু চণ্ডীদাস দিয়েছেন, তা আলোচনা করুন। ১৬

**অথবা**

'কোন অপরাধে মোকে তেজহ কাহ্নাঞি' — এই প্রশ্নই 'রাধাবিরহ' অংশের সারসত্য — এই মত সমর্থনযোগ্য? — আলোচনা করুন।

৩। 'মনসাবিজয়' কাব্যে দেশ কাল ও সমাজের যে চিত্র পাওয়া যায় তা কাব্য অনুসরণে আলোচনা করুন। ১৬

অথবা

'মনসাবিজয়' কাব্যে মনসা চরিত্র নির্মাণে কবির কৃতিত্ব আলোচনা করুন।

৪। **দুটি** প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিতে হবে : ১+১=২

(ক) 'নগরবাহিরি রে ডোম্বি তোহোরি কুড়িআ'। এটি 'চর্যাগীতি'র কত সংখ্যক পদ?

(খ) 'সিন্ধু ইন্দু বেদ মহী শক পরিমাণ' — 'অঙ্কস্য বামা গতি' মতে এটি কত শকাব্দ?

## দ্বিতীয় অর্ধ

**মান—৫০**

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দিতে হবে। ৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতায় কবির সমাজ সচেতনতার যে পরিচয় পাওয়া যায়, পাঠ্য কবিতা অবলম্বনে তা আলোচনা করুন। ১৬

অথবা

ঈশ্বরচন্দ্র গুপ্তের 'স্বদেশ' ও 'মাতৃভাষা' কবিতা দুটির মধ্য দিয়ে তাঁর স্বদেশ ভাবনা যেভাবে ধরা পড়েছে, আলোচনা করুন।

২। হেমচন্দ্র তাঁর বেশ কটি কবিতায় সমকালীন বাঙালি মেয়ের যে ছবি এঁকেছেন, তার পরিচয় দিন। ১৬

অথবা

হেমচন্দ্রের কবিতার বিষয়বৈচিত্র্য পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করুন।

৩। পরাধীন বাঙালির আত্মচেতনা মধুসূদনের 'মেঘনাদবধ কাব্য'-এ প্রতিফলিত— আলোচনা করুন। ১৬

অথবা

লক্ষ্মণ চরিত্রটিকে মধুসূদন যেভাবে এঁকেছেন, 'মেঘনাদবধ কাব্য' অবলম্বনে আলোচনা করুন।

৪। নবীনচন্দ্র সেনের 'প্রণয়োচ্ছ্বাস' কবিতাটি অবলম্বনে কবির দৃষ্টিতে প্রণয়ের স্বরূপটি উদ্ধৃতিসহ আলোচনা করুন। ১৬

**অথবা**

দ্বিজেন্দ্রলাল রায়ের 'বঙ্গভাষা' কবিতাটিতে কবির স্বদেশচেতনার যে প্রতিফলন ঘটেছে তা আলোচনা করে দেখান।

৫। **দুটি** প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিতে হবে : ১+১=২

(ক) অক্ষয়কুমার বড়ালের 'মৃত্যু' কবিতাটি কোন্ ঘটনার প্রেক্ষিতে লেখা?

(খ) আপনার পাঠ্য 'ঈশ্বরচন্দ্র গুপ্তের নির্বাচিত কবিতাবলী' — বইটির সম্পাদক কে?

# ২০১০

# বাংলা

## তৃতীয় পত্র

সময়—চার ঘন্টা    পূর্ণমান-১০০

প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।

**দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি মানের নির্দেশক।**

**উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।**

## প্রথম অর্ধ

**মান—৫০**

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিতে হবে। ৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। 'এবার ফিরাও মোরে' কবিতায় কোন্ মনোভাব থেকে কোথায় ফেরানোর আবেদন করছেন কবি, তা বুঝিয়ে বলুন। ১৬

**অথবা**

'উর্বশী কবিতায় 'নন্দনবাসিনী'র কোন্ মর্মরূপের আরাধনা করেছেন কবি, তা প্রাসঙ্গিক উদ্ধৃতিসহ ব্যাখ্যা করুন। ১৬

২। 'খেয়া' কাব্যগ্রন্থের কবিতাগুলির মধ্যে নিসর্গভাবনা এবং অধ্যাত্মচিন্তা যেন মিলেমিশে গেছে।' কথাটা ব্যাখ্যা করুন। ১৬

**অথবা**

ক্ষিতিমোহন সেন বলেছেন... 'খেয়াতেও এক-আধটা মূল কবিতার ভাবে ও সুরে সমস্ত সুর বাঁধা। ধুয়ার মত তা বারবার আসিতে থাকে।' কথাটার বিচার করুন। ১৬

৩। ‘পুনশ্চ’র একাধিক কবিতায় কাহিনির আদল কীভাবে বৈচিত্র্য ও মিশ্ররসের সৃষ্টি করেছে, তা প্রসঙ্গ উদ্ধার করে বুঝিয়ে দিন। ১৬

অথবা

‘পুনশ্চ’ কাব্যগ্রন্থে ব্যবহৃত ছন্দের নতুন ভাবনা প্রসঙ্গে আপনার মতামত জ্ঞাপন করুন।

৪। ‘জন্মদিনে’র উনত্রিশটি কবিতার একটিরও পৃথক নামকরণ করেননি কবি। কেন? এ বিষয়ে কাব্যগ্রন্থের মৌলিক সুরটিকে আপনি কীভাবে ব্যাখ্যা করবেন? ১৬

**অথবা**

‘জন্মদিনে’র একটি কবিতায় শরীরী মৃত্যুর সমীপবর্তী রবীন্দ্রনাথের মনে হয়েছে ‘আরবার ফিরে এল উৎসবের দিন।’ কবির এই মনোভাবের ব্যাখ্যা করুন।

৫। ‘খেয়া’ কাব্যগ্রন্থের প্রথম প্রকাশকাল লিখুন।

৬। ‘জন্মদিনে’র শেষ কবিতা কখন ও কোথায় লেখা? ১+১=২

## দ্বিতীয় অর্ধ

**মান—৫০**

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দিতে হবে।

৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। ‘পান্থ’ কবিতায় মোহিতলাল শোপেনহাওয়ারের প্রতি কীভাবে শ্রদ্ধাপ্রদর্শন করেছেন তা উদ্ধৃতিসহ আলোচনা করুন। ১৬

**অথবা**

কবি মোহিতলালের স্বতন্ত্র্য ও বৈশিষ্ট্য তাঁর নির্বাচিত কবিতা অবলম্বনে আলোচনা করুন।

২। 'বিদ্রোহী' কবিতায় নজরুলের উপমা প্রয়োগের সৌন্দর্য পরিস্ফুট করুন।
১৬

অথবা

বঞ্চিত মানবতার কবিরূপে নজরুলের স্বাতন্ত্র্য ও বৈশিষ্ট্য আলোচনা করুন।

৩। 'জীবনানন্দকে নিশ্চেতনার কবি বলা যায়' — একথার যাথার্থ্য বিচার করুন।
১৬

অথবা

জীবনানন্দের কবিতায় বিষাদচেতনার স্বরূপ পরিস্ফুট করুন।

৪। 'ত্রিশ ও চল্লিশের কবিদের রচনায় জীবনবোধ ও দৃষ্টিভঙ্গির পার্থক্য থাকলেও লোকাভরণ শৈলী প্রয়োগের সাদৃশ্য দেখা যায়।' — আলোচনা করুন।
১৬

অথবা

অমিয় চক্রবর্তীর 'সংগতি' কবিতায় লোকচেতনার স্বরূপ পরিস্ফুট করুন।

৫। (ক) প্রেমেন্দ্র মিত্রের 'প্রথমা' কবে প্রকাশিত হয়? ১

(খ) বিষ্ণু দে-র 'ক্রেসিডা' কবিতাটি কোন্ কাব্যের অন্তর্ভুক্ত? ১

---

২০১০

# বাংলা

## চতুর্থ পত্র

(নতুন পাঠক্রম)

সময়—চার ঘন্টা

পূর্ণমান-১০০

প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।

**দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি মানের নির্দেশক।**

**উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।**

## প্রথম অর্ধ

**মান—৫০**

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিতে হবে।
৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। বঙ্কিমচন্দ্রের লেখা 'বিবিধ প্রবন্ধ' গ্রন্থের অন্তর্গত 'বহুবিবাহ' প্রবন্ধটি অবলম্বনে বহুবিবাহ-সম্পর্কিত তাঁর অভিমতটি ব্যক্ত করুন। এ-ব্যাপারে বিদ্যাসাগরের সঙ্গে তাঁর মত-পার্থক্যটি সংক্ষেপে জানান। ১৬

**অথবা**

'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র লিখেছেন, 'বাঙ্গালী কৃষকের শত্রু বাঙ্গালী ভূস্বামী।' আবার জানিয়েছেন, 'যদি কেহ বলেন, জমীদার মাত্রেই দুরাত্মা বা অত্যাচারী, তিনি নিতান্তই মিথ্যাবাদী।' — বঙ্কিমচন্দ্রের এই উক্তি-দুটির আলোকে তাঁর মতামত ব্যক্ত করুন।

২। বুদ্ধদেব বসুর 'বাংলা শিশুসাহিত্য' প্রবন্ধ অবলম্বনে শিশু-সাহিত্যিক হিসাবে সুকুমার রায়ের কৃতিত্ব পর্যালোচনা করুন। ১৬

**অথবা**

'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধ অবলম্বনে বুদ্ধদেব বসু-কৃত সত্যেন্দ্রনাথ দত্ত ও নজরুলের কবি-প্রতিভার মূল্যায়ন করুন।

৩। ‘বিষবৃক্ষ’ উপন্যাসের দেবেন্দ্র অ-প্রধান অংশের নায়ক হলেও উনিশ শতকের সমাজ-প্রবণতা প্রকাশের প্রধান আধার। —আলোচনা করে মতামতটির গ্রহণযোগ্যতা বিচার করুন ১৬

**অথবা**

‘বিষবৃক্ষ’ উপন্যাসে সূর্যমুখীর আনন্দ, অন্তর্বেদনা কীভাবে চিঠির মাধ্যমে প্রকাশিত হয়েছে তা প্রাসঙ্গিক চিঠি অবলম্বনে বুঝিয়ে দিন।

৪। ‘গৃহদাহ’ উপন্যাসে মৃণাল চরিত্রটি সংযোজনের উপযোগিতা বিচার করুন। ১৬

**অথবা**

‘গৃহদাহ’ উপন্যাসটি দাম্পত্য সম্পর্ক-সংকটের কাহিনি হিসাবে কোন্ কোন্ দিক থেকে বিশিষ্টতা বহন করে তা স-প্রসঙ্গ বিস্তৃত করুন।

৫। (ক) ‘মুষ্টিভিক্ষা হউক, কিন্তু সুবর্ণের মিষ্টি।’ — মন্তব্যটি কার লেখা বই সম্পর্কে করা হয়েছে? ১

(খ) ‘বিষবৃক্ষ’-এর নগেন্দ্রনাথ গোবিন্দপুরের বাসিন্দা। যে জেলার অন্তর্গত এই গ্রাম তার প্রকৃত নাম গোপন রেখে লেখক সেই জেলাকে কী নামে চিহ্নিত করেছেন? ১

## দ্বিতীয় অর্ধ

**মান—৫০**

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দিতে হবে। ৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। উনিশ শতকের সামাজিক প্রেক্ষাপট কীভাবে দীনবন্ধু মিত্রের ‘সধবার একাদশী’তে চিত্রিত হয়েছে তার পরিচয় দিন। ১৬

**অথবা**

‘সধবার একাদশী’র বিষয় ও আঙ্গিক পরস্পরের পরিপূরক হয়ে উঠেছে। —মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন।

২। সামাজিক নাটক হিসেবে 'প্রফুল্ল'-কে কতদূর সার্থক বলা যায় সে-বিষয়ে নিজের মতামত ব্যক্ত করুন। ১৬

**অথবা**

'প্রফুল্ল' নাটকের নামকরণ যথার্থ হয়েছে কিনা তা বিচার করুন।

৩। 'ময়নাকে তুমি নষ্ট করে দিলে। ওদের দুজনের মধ্যে আমার কি একটা স্বপ্ন যেন বাসা বেঁধেছিল, কাপ্তেনবাবু। সে বাসাটা ভেঙে গেল।' — বক্তার এই কাতরোক্তির ভিত্তিতে চরিত্রটি পর্যালোচনা করুন। ১৬

**অথবা**

'টিনের তলোয়ার' নাটকের প্রথম দৃশ্যটির নাট্য-প্রয়োজনীয়তা বিচার করুন।

৪। 'এই নাটকে বাহিরের যুদ্ধ অপেক্ষা ভিতরের যুদ্ধ দেখাইতেই আমি আপনাকে সমধিক ব্যাপৃত রাখিয়াছি।'

—নাট্যকারের এই দাবি 'নুরজাহান' নাটক সম্পর্কে কতদূর তা বিচার করুন। ১৬

**অথবা**

'নুরজাহান' নাটকের প্রথম অঙ্কটিতে নাটকীয় দ্বন্দ্বের প্রস্তাবনা বলা যায়। —মন্তব্যটি সম্পর্কে আপনার অভিমত দিন।

৫। 'নব্য বঙ্গ বৃন্দ ধ্বংস ডায়িনি!'

— কে, কার সম্পর্কে একথা বলেছে? ১+১=২

# ২০০৯

# বাংলা

## প্রথম পত্র

(নতুন পাঠক্রম)

সময়- চার ঘণ্টা　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান - ১০০

*প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি মানের নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।*

### প্রথম অর্ধ

মান : ৫০

৭ নং প্রশ্ন আবশ্যিক। ১ থেকে ৬ নম্বরের প্রশ্নের মধ্যে যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দিতে হবে।

১। বাংলার সমাজ-সংস্কৃতি ও সাহিত্যের ইতিহাসে তুর্কী আক্রমণের গুরুত্ব বিচার করুন। ১৬

২। 'মৈথিল কোকিল' বিদ্যাপতি-কে বাংলা সাহিত্যে স্থায়ী আসন দেওয়ার কোনো কারণ থাকলে, তা যুক্তি ও তথ্যসহযোগে আলোচনা করুন। ১৬

৩। কৃত্তিবাসের আত্মবিবরণীর ঐতিহাসিক মূল্য নির্ণয় করুন। ১৬

৪। বাংলা জীবনী-সাহিত্যের ইতিহাসে 'চৈতন্যচরিতামৃত'র অসামান্যতার দিকগুলি উল্লেখ করুন। ১৬

৫। আলাওলের জীবনী বর্ণনা করে তাঁর কবিপ্রতিভার স্বরূপ নির্ণয় করুন। ১৬

৬। বাংলা পদাবলী-সঙ্কলন গ্রন্থগুলির বৈশিষ্ট্য ও বৈচিত্র্য আলোচনা করুন। ১৬

৭। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিতে হবে

(ক) নাথ-সাহিত্যের দুজন কবির নাম লিখুন।

(খ) 'ভক্তিরত্নাকর'- এর রচয়িতার প্রকৃত নামটি কী ?

## দ্বিতীয় অর্ধ

মান : ৫০

৭ নং প্রশ্ন আবশ্যিক। ১ থেকে ৬ নম্বরের প্রশ্নের মধ্যে
যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দিতে হবে।

১। বাংলা গদ্যে বিদ্যাসাগরের ভূমিকা সম্পর্কে আলোচনা করুন। ১৬

২। বাংলা উপন্যাসের সার্থক সূচনা বঙ্কিমচন্দ্রই করেছিলেন — এই উক্তির আলোকে ঔপন্যাসিক বঙ্কিম বিষয়ে আলোচনা করুন। ১৬

৩। রবীন্দ্র নাটক বাংলা নাটকের ধারায় এক ব্যতিক্রমী সংযোজন — মন্তব্যটির সার্থকতা বিচার করুন। ১৬

৪। নাট্যকার দীনবন্ধু মিত্রের রচনাবৈশিষ্ট্য আলোচনা করুন। ১৬

৫। রবীন্দ্রানুসারী কবিগোষ্ঠীর সংক্ষিপ্ত পরিচয় লিখুন। ১৬

৬। রবীন্দ্র পরবর্তী কবিরূপে বিষ্ণু দে অথবা প্রেমেন্দ্র মিত্রের কাব্যকৃতির পরিচয় লিখুন। ১৬

৭। পূর্ণবাক্যে উত্তর দিন : ১+১=২

(ক) রবীন্দ্রনাথের কোন্ উপন্যাসে সন্ত্রাসবাদের পটভূমিকা ব্যবহার করা হয়েছে ?

(খ) *প্রভাবতী সম্ভাষণ* কার রচনা ?

---

২০০৯

# বাংলা

## দ্বিতীয় পত্র

(নতুন পাঠক্রম)

সময়- চার ঘণ্টা　　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান - ১০০

*প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি মানের নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।*

### প্রথম অর্ধ

মান : ৫০

১। চর্যাগীতির ভাষাকে কেউ কেউ 'সন্ধ্যা ভাষা' বলেছেন — যুক্তি ও তথ্য সহযোগে মতটির যাথার্থ্য বিচার করুন। ১৬

অথবা

ভুসুকুপাদের 'বাজনাব পাড়ী পঁউআ খালে বাহিউ...' শীর্ষক পদে রূপকের আবরণে মহাযানী বিজ্ঞানবাদের যে মূলতত্ত্ব প্রকাশিত হয়েছে, তার পরিচয় দিন।

২। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে যে-সব লোক-লৌকিক উপাদান পাওয়া যায় তা পাঠ্যপদ অবলম্বনে আলোচনা করুন। ১৬

অথবা

'শ্রীকৃষ্ণকীর্তন'-এর তাম্বুল-খণ্ডে রাধার যে অনন্য তেজোদীপ্ত মানসিকতার পরিচয় পাওয়া যায়, তার বর্ণনা দিন।

৩। 'মনসাবিজয়' কাব্যের প্রামাণিকতা বিচার করুন। ১৬

অথবা

'মনসাবিজয়' কাব্যে ধনা-মনা উপকাহিনিটি মূল কাহিনিকে কীভাবে সমৃদ্ধ করেছে, তা আলোচনা করুন।

৪। (ক) চর্যাগীতির 'হরিণা' ও 'হরিণী' শব্দদুটির নিগূঢ় অর্থ কী?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন'- এর কোন অংশটিকে প্রক্ষিপ্ত বলে গণ্য করা হয় ?

১+১=২

## দ্বিতীয় অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন।

৫ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক।

১। ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতায় যুগসন্ধির ছবি যেভাবে ফুটে উঠেছে তা কবিতা অনুসরণে আলোচনা করুন। ১৬

অথবা

ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতার বিষয়-বৈচিত্র্য, পাঠ্য কবিতাগুলি অবলম্বনে আলোচনা করুন।

২। হেমচন্দ্রের কবিতায় বিধৃত স্বদেশ-চেতনার স্বরূপ বিশ্লেষণ করুন। ১৬

অথবা

প্রকৃতিবিষয়ক কবিতায় হেমচন্দ্রের নিজস্বতাটি কীভাবে প্রকটিত হয়েছে তা বিশদ করুন।

৩। যুগের দাবিকে আত্মস্থ করে মধুসূদন রাম কাহিনির রাবণায়ন ঘটিয়েছেন। রামায়ণের রাবণ সর্বতোভাবে নতুন হয়ে উঠেছেন প্রধানত কালের মাত্রাকে ব্যক্তি-প্রতীকে ধারণ করে। — আলোচনা করুন। ১৬

অথবা

উনিশ শতকীয় নারী-আদর্শের দুটি দিকের প্রতিনিধিত্ব করেছে একদিকে চিত্রাঙ্গদা-প্রমীলা এবং অন্যদিকে সীতা। — চরিত্র আলোচনায় ওই নারী-আদর্শের দুটি দিক স্পষ্ট করুন।

৪। অক্ষয়কুমার বড়াল-এর 'শ্রাবণে' এবং গিরীন্দ্রমোহিনী দাসী-র 'শ্রাবণে'-র তুলনাত্মক আলোচনা করুন। ১৬

অথবা

উনবিংশ শতাব্দীর গীতিকবিতা সংকলন-এ বিষাদ বিষয়ক যে-সমস্ত কবিতা রয়েছে, পাঠ্য কবিতাগুলি অবলম্বনে ওই ধারাটির পরিচয় দিন।

৫। (ক) ঈশ্বরচন্দ্র গুপ্তের 'দিল্লির যুদ্ধ' কবিতাটি কোন মহাসমরের পটভূমিকায় লেখা ?

(খ) 'মেঘনাদবধ কাব্য' কয় দিন-রাতের ঘটনা ? ১+১=২

# ২০০৯

## বাংলা

### তৃতীয় পত্র

### (নতুন পাঠক্রম)

সময়- চার ঘণ্টা | পূর্ণমান - ১০০

*প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি মানের নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।*

### প্রথম অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে থেকে যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে। ৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। 'চিত্রা'র 'আবেদন' কবিতাটি নাট্যকবিতা হিসেবে কতটা সার্থক হয়েছে আলোচনা করে দেখান। ১৬

অথবা

'চিত্রা' কবিতাটির মূলভাবটি নিজের ভাষায় লিপিবদ্ধ করুন।

২। 'খেয়া' বই-এর বিভিন্ন কবিতায় বারেবারে 'ঝড়', 'রাত্রি', 'দুর্যোগ', 'বজ্র', 'দুঃখ', 'অশ্রু', 'মহারাজ' শব্দগুলি ব্যবহারের কোনো অন্তর্নিহিত তাৎপর্য আছে কিনা আলোচনা করে দেখান। ১৬

অথবা

'খেয়া'-র প্রথম কবিতার নাম 'শেষ খেয়া'। শেষ কবিতার নাম 'খেয়া'। কবিতা দুটির সম্পর্কসূত্রটি বিশদ করুন।

৩। কবিতা-অকবিতায় মেশামেশির পটভূমিকায় 'পুনশ্চ'-র কাব্যস্বরূপ বিশ্লেষণ করুন। ১৬

অথবা

'পুনশ্চ'-এর পটভূমিকায় 'মৃত্যু' কবিতাটি অবলম্বনে রবীন্দ্রনাথের মৃত্যু-চেতনার স্বরূপ নির্ধারণ করুন।

৪। 'জন্মদিনে'-র একাধিক কবিতায় মানুষের মধ্যে যে 'প্রচ্ছন্ন পশু'-র কথা রবীন্দ্রনাথ বলেছেন এবং তাকে ঘিরে তাঁর যে নিন্দা ও ধিক্কার বর্ষিত হয়েছে, কবিতা অনুসরণে তা আলোচনা করুন। ১৬

অথবা

'এখনো হয়নি খোলা আমার জীবন-আবরণ'— 'জন্মদিনে'-র কবিতায় জীবনের প্রান্তিক সীমায় দাঁড়িয়ে যে-কবি-অনুভব দেখা দিয়েছে তার স্বরূপ আলোচনা করুন।

৫। সংক্ষেপে উত্তর দিন। ১+১=২

(ক) 'চিত্রা' বইটির প্রথম প্রকাশকাল লিখুন।

(খ) 'শিশুতীর্থ' কবিতাটি ভিন্ন নামে কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল ?

## দ্বিতীয় অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে থেকে যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে। ৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। রবীন্দ্র-পরবর্তী বাংলা কবিতার ক্ষেত্রে কবিতার আঙ্গিকগত বিচারে মোহিতলাল রবীন্দ্রকাব্যভাষার চরিত্রকে অতিক্রম করতে না-পারলেও জীবনভাবনায় বহুক্ষেত্রেই অন্যাচারী হয়েছেন। — কথাটাকে ব্যাখ্যা ও বিশ্লেষণ করুন। ১৬

অথবা

'স্মরগরল' কাব্যগ্রন্থের 'নারীস্তোত্র' কবিতায় মোহিতলালের কোন্ জীবনভাবনাকে লক্ষ করা যায় তা দৃষ্টান্তসহ বুঝিয়ে বলুন।

২। কবিরূপে কাজী নজরুল ইসলাম-এর প্রধান পরিচয়, তিনি বিদ্রোহী। প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে কথাটা প্রমাণ করুন। ১৬

অথবা

দেশি-বিদেশি বহু পৌরাণিক 'মিথ' ও উপকথাকে নজরুল তাঁর কবিতায় কীভাবে সার্থকরূপে ব্যবহার করেছিলেন, তা দৃষ্টান্তসহ ব্যাখ্যা করুন।

৩। 'রোমান্টিক কবিরূপেই জীবনানন্দের প্রকৃত প্রসিদ্ধি।' কথাটা বিচার করুন। ১৬

অথবা

জীবনানন্দের কবিতায় প্রকৃতি-ভাবনা বহুস্তর বিশিষ্ট। — উদাহরণসহ আলোচনা করুন।

৪। ভাবগত ও রূপগত দিক থেকে বিষ্ণু দের 'ক্রেসিডা' কবিতাটির বিচার করুন। ১৬

অথবা

সাম্যবাদী ভাবনা বিষ্ণু দে, সুভাষ মুখোপাধ্যায় ও বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের কবিতায় কীভাবে বিভিন্ন রূপে প্রকাশিত হয়েছে তা বুঝিয়ে বলুন।

৫। (ক) 'বিস্মরণী' কাব্যগ্রন্থের প্রথম প্রকাশকাল কত ? ১

(খ) সুধীন্দ্রনাথ দত্ত-র জন্ম ও মৃত্যুসাল কত ? ১

## ২০০৯

## বাংলা

### চতুর্থ পত্র

### (নতুন পাঠক্রম)

সময়- চার ঘণ্টা পূর্ণমান - ১০০

*প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি মানের নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।*

### প্রথম অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে থেকে যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে। ৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। 'বাঙ্গালার ইতিহাস' প্রবন্ধটি পুস্তক সমালোচনা হিসেবে রচিত হলেও এর মধ্যে বঙ্কিমচন্দ্রের ইতিহাসচেতনার বিশিষ্টতা ধরা পড়েছে। - মন্তব্যটির সারবত্তা বিচার করুন। ১৬

অথবা

'এইরূপ ভিন্ন পন্থায় গমন করিয়া ভবভূতি রসজ্ঞতার এবং আত্মশক্তিজ্ঞানের পরিচয় দিয়াছেন।'— ভবভূতির 'উত্তররামচরিত' গ্রন্থের আলোচনা করে বঙ্কিমচন্দ্র ভবভূতির 'রসজ্ঞতা'র ও 'আত্মশক্তিজ্ঞানের' যে স্বরূপ উদ্‌ঘাটন করেছেন তা নিজের ভাষায় লিখুন।

২। ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাধক’ প্রবন্ধে রবীন্দ্র-পরবর্তী বাংলা কবিতার গতি-প্রকৃতির যে পরিচয় বুদ্ধদেব বসু লিপিবদ্ধ করেছেন তা নিজের ভাষায় লিখুন। ১৬

অথবা

বুদ্ধদেব বসুর ‘শিশুসাহিত্য’ প্রবন্ধ অবলম্বনে অবনীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্য-প্রতিভার মূল্যায়ন করুন।

৩। ‘বিষবৃক্ষ’ উপন্যাসে হীরা চরিত্রটি বঙ্কিমচন্দ্রের উল্লেখযোগ্য চরিত্র-সৃষ্টি বলে পরিগণিত হতে পারে। — কথাটির যৌক্তিকতা বিচার করুন। ১৬

অথবা

‘বিষবৃক্ষ’ উপন্যাসের শেষে বঙ্কিমচন্দ্র ‘ভরসা’ করেছেন ‘গৃহে গৃহে অমৃত ফলিবে’। বঙ্কিমচন্দ্রের এই ‘ভরসা’-র সঙ্গে উপন্যাসটিতে বর্ণিত বিষয়বস্তুর আত্যন্তিক যোগ রয়েছে, নাকি এ কেবল নীতিবাদী বঙ্কিমচন্দ্রের স্বতন্ত্র উচ্চারণ — আলোচনা করে বুঝিয়ে দিন।

৪। ‘গৃহদাহ’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করুন। ১৬

অথবা

‘গৃহদাহ’ উপন্যাসের অচলা চরিত্রটিই ত্রিভুজ প্রেমের সমস্যা চিত্রণে সর্বাধিক গুরুত্ব পেয়েছে। — উপন্যাসটি বিশ্লেষণ করে মন্তব্যটির সারবত্তা বিচার করুন।

৫। (ক) ‘রামায়ণ’ প্রবন্ধটি প্রকৃতপক্ষে পুস্তক-সমালোচনা। ওই পুস্তকটির প্রণেতা কে ? ১

(খ) ‘সামাজিক উন্নতির মূলীভূত মনুষ্যহৃদয়ের দুইটি বৃত্তি,’ .....। বৃত্তি দুটি কী কী ? ১

## দ্বিতীয় অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে থেকে যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে। ৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। 'নুরজাহান' নাটকে সঙ্গীতের ব্যবহার কতদূর সার্থক হয়েছে তা আলোচনা করুন। ১৬

অথবা

'নুরজাহান' নাটকে হাস্যরসের ব্যবহার কীভাবে সার্থক হয়েছে তা বিশ্লেষণ করুন।

২। 'প্রফুল্ল' নাটকে প্রবাদ-প্রবচনের ব্যবহার কতদূর সার্থক ও শিল্পসম্মত হয়েছে তা আলোচনা করুন। ১৬

অথবা

'প্রফুল্ল' নাটকের নায়ক যোগেশ, এজন্য নাটকটি যোগেশেরই ট্র্যাজেডি — যাথার্থ্য বিচার করুন।

৩। 'টিনের তলোয়ার' নাটকের নায়ক কে ? এই চরিত্রটির রূপায়ণে নাট্যকারের কৃতিত্ব আলোচনা করুন। ১৬

অথবা

'টিনের তলোয়ার' নাটকটিকে প্রতিবাদের নাটক বলা যায় নির্দ্বিধায় — মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন।

৪। 'সধবার একাদশী' নাটকটির নামকরণের সার্থকতা বিচার করুন। ১৬

অথবা

'সধবার একাদশী' নাটকে হাস্যরস সৃষ্টিতে নাট্যকারের কৃতিত্ব আলোচনা করুন।

৫। "শেষ রক্ষা করতে পারলে না, তাহলে একটা হিস্টরিক্যাল ক্যারেক্টার (historical character) হতে"— কার কথা বলা হয়েছে ? কেন ? ১+১=২

২০০৮

# বাংলা

## প্রথম পত্র

(নতুন পাঠক্রম)

পূর্ণমান : ১০০ সময় : ৪ ঘণ্টা

প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি মানের নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।*

### প্রথম অর্ধ

মান : ৫০

সপ্তম প্রশ্ন আবশ্যিক। এক থেকে ছয় নম্বরের যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১। পালযুগে ও সেনযুগে বাংলাদেশে বাঙালিদের দ্বারা যে-সাহিত্যচর্চা হয়েছিল, তার পরিচয় দিন এবং সেগুলির সঙ্গে পরবর্তী বাংলা সাহিত্যের কোনো যোগ থাকলে, তা প্রদর্শন করুন। ১৬

২। পঞ্চদশ শতাব্দীর অনুবাদ কাব্যধারার সংক্ষিপ্ত পরিচয় দিয়ে এগুলির বৈশিষ্ট্য ও গুরুত্ব নির্ণয় করুন। ১৬

৩। স্তরবিভাগ করে বৈষ্ণব পদসাহিত্যের বৈচিত্র্যের পরিচয় দিন। ১৬

৪। ষোড়শ শতাব্দীকে মধ্যযুগের বাংলা সাহিত্য সৃষ্টির স্বর্ণ-যুগ বলার যৌক্তিকতা বিচার করুন। ১৬

৫। যে-কোনো দু-জন ধর্মমঙ্গল কাব্য রচয়িতার সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তাঁদের কাব্যের বৈশিষ্ট্য আলোচনা করুন। ১৬

৬। দৌলত কাজীর লেখা 'লোর-চন্দ্রানী' কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তাঁর কাব্যের অভিনবত্বের দিকগুলি পরিস্ফুট করুন। ১৬

৭। দুটি প্রশ্নেরই উত্তর দিতে হবে পূর্ণবাক্যে : ১ + ১ = ২

(ক) কৃষ্ণদাস কবিরাজ তাঁর 'চৈতন্যচরিতামৃত' কাব্যটি কোথায় বসে লিখেছিলেন?

(খ) 'মীনচেতন' কোন্ সাহিত্য-ধারার অন্তর্গত?

## দ্বিতীয় অর্ধ

মান : ৫০

**সপ্তম প্রশ্ন আবশ্যিক। এক থেকে ছয় নম্বরের যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।**

১। বাংলা গদ্যের উন্মেষলগ্নে উইলিয়াম কেরির নেতৃত্বে ফোর্ট উইলিয়াম কলেজের লেখকদের গদ্যচর্চার উদ্দেশ্য ও বৈশিষ্ট্য আলোচনা করুন। ১৬

২। উনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে বাংলা সাহিত্যে একাধিক সাহিত্যিক মহাকাব্য রচিত হওয়ার পিছনে জাতীয়-মানসের পটভূমিটি কীভাবে ক্রিয়াশীল ছিল আলোচনা করুন— এই প্রসঙ্গে 'মেঘনাদবধ কাব্য'-এর অনন্যতা নির্দেশ করুন। ১৬

৩। রবীন্দ্র-কাব্যধারায় 'খেয়া' পর্বের মধ্য দিয়ে 'গীতাঞ্জলি' পর্বে উত্তরণ এবং সেখান থেকে ক্রমে 'বলাকা'-র ভুবনে প্রবেশ— এই পরম্পরাটির আলোচনা-সূত্রে কবি-মানসের বিবর্তনের একটি সংক্ষিপ্ত চিত্র অঙ্কন করুন। ১৬

৪। পৌরাণিক নাটকের রচয়িতা হিসেবে গিরিশচন্দ্রের সাফল্যের কারণগুলি পর্যালোচনা করুন। ১৬

৫। বাংলা সামাজিক উপন্যাসের বৃত্তে শরৎচন্দ্রের অবস্থান নির্ণয় করুন। ১৬

৬। রবীন্দ্রনাথ-পরবর্তী বাংলা আধুনিক কবিতার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করুন। এই পর্বের প্রতিনিধিস্থানীয় কবি হিসেবে জীবনানন্দ দাশ অথবা বুদ্ধদেব বসুর কাব্যকৃতির সংক্ষিপ্ত পরিচয় দিন। ১৬

৭। বাংলা সাহিত্য-সংস্কৃতির ইতিহাসে ১৮৭২ খ্রিস্টাব্দকে স্মরণীয় করেছে এমন দুটি ঘটনার উল্লেখ করুন। ১ + ১ = ২

২০০৮

# বাংলা

## দ্বিতীয় পত্র

## (নতুন পাঠক্রম)

**পূর্ণমান : ১০০** **সময় : ৪ ঘণ্টা**

প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি মানের নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।*

### প্রথম অর্ধ

মান : ৫০

১। চর্যাগীতিগুলিতে বৃহত্তর বঙ্গজীবন ও বঙ্গীয় সমাজের যে পরিচয় পাওয়া যায়, উদাহরণসহ তা আলোচনা করুন। ১৬

অথবা

চর্যাগীতিগুলির মধ্যে যেটি আপনার সবচেয়ে প্রিয়, তার বাহ্য অর্থ ও সাধনতত্ত্বগত গূঢ়ার্থ সংক্ষেপে জানিয়ে এটি কেন আপনার প্রিয়, তার যুক্তিপূর্ণ বিচার করুন।

২। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'তাম্বুলখন্ড'-এর কাহিনিতে নাটকীয়তা ও গীতিময়তার মিশ্রণে কীভাবে উপভোগ্যতা সৃষ্টি হয়েছে, পাত্র-পাত্রীর উক্তি তুলে তার পর্যালোচনা করুন। ১৬

অথবা

'শ্রীকৃষ্ণকীর্তন'-এর সর্বশেষ 'রাধাবিরহ' অংশকে কোনো কোনো সমালোচক প্রক্ষিপ্ত বলেছেন। এ-বিষয়ে আপনার নিজস্ব যুক্তিপূর্ণ অভিমত দিন।

৩। বিপ্রদাসের 'মনসাবিজয়' কাব্যে সমকালীন সমাজ কীভাবে প্রতিফলিত হয়েছে—আলোচনা করুন। ১৬

### অথবা

"বান্ধিব লোহার ঘর সাতালি পর্বতে।।
পুত্রবধূ থোব লৈয়া তাহার ভিতরে।
তবে ত কানির নাগ কি করিতে পারে।।"

এই উক্তিতে বক্তার চরিত্রের যে-সকল বৈশিষ্ট্য ফুটে উঠেছে বিপ্রদাসের কাব্য অবলম্বনে তার পরিচয় দিন। এই উক্তি এবং সংকল্পের পরবর্তী ফল কী হয়েছিল?

৪। (ক) "উঁচা উঁচা পাবত তঁহি বসই সবরী বালী"— এই চর্যাগীতির পদকর্তা কে? ১

(খ) "বন পোড়ে আগ বড়ায়ি জগজনে জাণী।
মোর মন পোড়ে যেহ্ন কুম্ভারের পণী।।"

'কুম্ভারের' শব্দটির অর্থ কী? ১

## দ্বিতীয় অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন। ৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতা কতভাবে সমসময়ের সমাজচিন্তার প্রকাশক হয়ে উঠেছে পাঠ্য কবিতাসমূহের সাহায্যে তার পরিচয় দিন। ১৬

### অথবা

'স্বদেশ' কিংবা 'দিল্লির যুদ্ধ'-র মতো কবিতায় উনিশ শতকের বাঙালি বুদ্ধিজীবীর মননে যে দ্বান্দ্বিকতা তৈরি হয়েছিল তার পরিচয় কীভাবে পাওয়া যায়?

২। হেমচন্দ্রের খণ্ড কবিতার সংকলন থেকে পাঠ্য কবিতাভিত্তিক আলোচনায় হেমচন্দ্রের কবি-ভাবনার বৈশিষ্ট্যগুলি নির্দেশ করুন। ১৬

অথবা

হেমচন্দ্রের কবিতায় প্রকাশিত নারী-ভাবনার স্বরূপ বিশ্লেষণ করুন।

৩। রামকথার পুনর্নির্মাণে 'মেঘনাদবধ কাব্য'-এ রাম-লক্ষ্মণ-বিভীষণ প্রায় ঐতিহ্যের বিপরীতে সংস্থাপিত হয়েছে। নবরূপায়িত চরিত্রগুলির ভাবস্বরূপ আলোচনা করুন। ১৬

অথবা

প্রায়োগিক কৃৎ-কৌশল এবং গীতিসৌন্দর্যে চতুর্থ সর্গটি 'মেঘনাদবধ কাব্য'-কে যেভাবে স্বতন্ত্র মূল্য ও মহিমায় চিহ্নিত করেছে তা বিশ্লেষণ করুন।

৪। উনিশ শতকের গীতিকবিতায় প্রকৃতিবিষয়ক পাঠ্য-কবিতাগুলি অনুসরণে এই প্রকৃতি-বন্দনার ভিন্নতা ও সাধর্ম্য বিষয়ে আলোচনা করুন। ১৬

অথবা

'বঙ্গভাষা' কবিতায় প্রকাশিত উনিশ শতকীয় স্বদেশচেতনার স্বরূপ নির্ধারণ করুন।

৫। (ক) 'বগলেতে বৃষকাষ্ঠ'— বাক্য-বন্ধটির অর্থ কী?

(খ) 'রক্ষোরিপু তুমি, তবু অতিথি হে এবে'— রক্ষোরিপু এখানে কে? ১ + ১ = ২

২০০৮

# বাংলা

## তৃতীয় পত্র

**(নতুন পাঠক্রম)**

**পূর্ণমান : ১০০** **সময় : ৪ ঘণ্টা**

প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি মানের নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।*

### প্রথম অর্ধ

**মান : ৫০**

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে থেকে যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে।
৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। 'চিত্রা' কবিতা-সংকলনে রবীন্দ্রনাথের সৌন্দর্যচেতনার প্রকাশ কীভাবে ঘটেছে উদাহরণসহ আলোচনা করুন। ১৬

**অথবা**

'চিত্রা কবিতা-সংকলনে রবীন্দ্রনাথের মর্ত্যভূমির প্রতি আকাঙ্ক্ষার যে পরিচয় ফুটে উঠেছে তার স্বরূপ ব্যাখ্যা করুন।

২। বঙ্গভঙ্গকালের আন্দোলনধারার সঙ্গে সংযুক্তি ও অব্যবহিতকাল পরে নিজেকে বিচ্ছিন্ন করে নেওয়ায় রবীন্দ্রমানসিকতার যে পরিচয় 'খেয়া' কবিতা-সংকলনে ধরা পড়েছে তা ব্যাখ্যা করুন। ১৬

**অথবা**

'আঁধার ঘরে এসেছে আজ দুঃখরাতের রাজা'— 'খেয়া' কবিতা-সংকলনের এই রাজার স্বরূপ নির্ণয় করে 'আগমন' ও 'দান' কবিতা দুটিতে রবীন্দ্রভাবনার পরিচয় দিন।

৩। 'তাই ফিরে আসতে হল আর-একবার।

দিনের শেষে নতুন পালা আবার করেছি শুরু—'

— 'পুনশ্চ'-র এই নতুন প্রবর্তনার পশ্চাদ্‌ভূমিটি ব্যাখ্যা করুন। ১৬

**অথবা**

সুগভীর দার্শনিকতা যুক্ত হয়ে 'শিশুতীর্থ' কবিতাটি যেভাবে রবীন্দ্রনাথের প্রজ্ঞাদৃষ্টির পরিচায়ক হয়ে উঠেছে তার স্বরূপ আলোচনা করুন।

৪। 'জন্মদিনে'র কবিতাগুলির অধিকাংশই জীবন অপেক্ষা অনেক বেশি মৃত্যুর কাছাকাছি।— এ সম্পর্কে আপনার অভিমত দিন। ১৬

**অথবা**

আত্মাভিমান এবং আত্মসমীক্ষা-মিশ্রিত 'জন্মদিনে'র ১০ সংখ্যক কবিতাটির দ্বান্দ্বিকতা আলোচনা করুন।

৫। (ক) 'চিত্রা'র 'ব্রাহ্মণ' কবিতাটির উৎস কী? ১

(খ) 'জন্মদিনে'র ১০ সংখ্যক কবিতাটির পত্রিকায় প্রকাশকালে কী শিরোনাম ছিল? ১

## দ্বিতীয় অর্ধ

**মান : ৫০**

**১ - ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে থেকে যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন।**
**৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।**

১। মোহিতলাল মজুমদারের কবিতায় যে ক্লাসিক-লক্ষণের কথা বলা হয়ে থাকে তাকে কবিতার রূপ ও রীতির পরিপ্রেক্ষিতে বিচার করুন। ১৬

**অথবা**

'পান্থ' কবিতায় মোহিতলাল মজুমদার মানবজীবনের কোন্ পরিচয় তুলে ধরেছেন তা বিচার করুন।

২। বিদ্রোহী কবি রূপে প্রসিদ্ধ হলেও প্রেমকে বিষয় করে নজরুল ইসলাম কিছু অনবদ্য গীতিকবিতাও লিখেছেন পাঠ্য কবিতা অবলম্বনে কথাটা প্রমাণ করুন।

**অথবা**

'কাজী নজরুল ইসলামের কবিতায় মানবসাম্যের বাণী শিল্পরূপ পেয়েছে।— আলোচনা করুন।

৩। জীবনানন্দের কবিতায় বাস্তবের কঠিন ও নির্মম রূপ উদ্‌ভাসিত হয়েছে। প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে আলোচনা করুন। ১৬

**অথবা**

'বনলতা সেন' কবিতায় শুধু সুদূর রোম্যান্টিকতা ও প্রকৃতিপ্রেম নয়, ইতিহাস ও মৃত্যুবোধের সচেতনতাও বিদ্যমান ছিল।— কথাটা কবিতাটি বিশ্লেষণ করে প্রমাণ করুন।

৪। ভাবগত ও রূপগত দিক থেকে 'শাশ্বতী' কবিতাটির বিশ্লেষণ করুন। ১৬

**অথবা**

'দশানন' ও 'যত দূরেই যাই' কবিতা-দুটিতে যে লোক-প্রতিমা ব্যবহৃত হয়েছে, তার মাধ্যমে প্রেমেন্দ্র মিত্র ও সুভাষ মুখোপাধ্যায়ের শিল্পী-স্বভাব ব্যাখ্যা করুন।

৫। (ক) মোহিতলালের 'পান্থ' কবিতাটি কোন্ দার্শনিককে স্মরণ করে লেখা হয়েছিল? ১

(খ) ..'.. বুদ্ধ কনফুশিয়সের মতো আমাদেরও প্রাণ মুক করে রাখে।'
— বুদ্ধ ও কনফুশিয়স কে? ১

---

২০০৮

# বাংলা

## চতুর্থ পত্র

### (নতুন পাঠক্রম)

পূর্ণমান : ১০০ সময় : ৪ ঘণ্টা

প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি মানের নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।*

### প্রথম অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন।
৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। কোন্ ধরনের গদ্য বাংলা ভাষার পক্ষে উপযুক্ত বলে বঙ্কিমচন্দ্র মনে করেছেন তা 'বাঙ্গালা ভাষা' প্রবন্ধ অবলম্বনে যুক্তিসহ উপস্থাপন করুন। ১৬

অথবা

'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র লেখকদের যে-সকল কথা বলেছেন তার পরিচয় দিন এবং কোন্ কোন্ দিক থেকে এগুলি আজও প্রাসঙ্গিক বলে মনে করেন, বুঝিয়ে দিন।

২। 'শিশুসাহিত্য' প্রবন্ধে বুদ্ধদেব বসু সুকুমার রায়ের সাহিত্য-প্রতিভার যে মূল্যায়ন করেছেন তার পরিচয় দিন। ১৬

অথবা

'রামায়ণ' প্রবন্ধে বুদ্ধদেব বসু বাল্মীকি-অঙ্কিত রাম-চরিত্রকে যে-যে দৃষ্টিকোণ থেকে মূল্যায়ন করার চেষ্টা করেছেন তার পরিচয় দিন।

৩। 'বিষবৃক্ষ' উপন্যাসের দেবেন্দ্র কেবলই খল নয়, ভালো-মন্দ মিশ্রিত একটি চরিত্র।— আলোচনা করুন। ১৬

**অথবা**

'বিষবৃক্ষ' উপন্যাসের নামকরণ সার্থক কি না বিচার করুন।

৪। 'গৃহদাহ' উপন্যাসে মৃণাল চরিত্রের উপযোগিতা বিচার করুন। ১৬

**অথবা**

'গৃহদাহ' উপন্যাসটিতে সুরেশ আর মহিমের চরিত্র-বৈশিষ্ট্যে বৈপরীত্য রয়েছে, তবে লেখক দুটি চরিত্রকে সমগুরুত্বে উপস্থাপন করেছেন।— এ ব্যাপারে আপনার অভিমত ব্যক্ত করুন।

৫। (ক) 'শিশুসাহিত্য' প্রবন্ধে কোন্ লেখককে বুদ্ধদেব বসু 'সেতুবন্ধী সওদাগর' বলেছেন?

(খ) 'বিষবৃক্ষ' উপন্যাসে নগেন্দ্রনাথ যে বন্ধুকে চিঠি লিখেছেন তার পুরো নাম কী?

১ + ১ = ২

## দ্বিতীয় অর্ধ

**মান : ৫০**

**১ থেকে৪ নং প্রশ্নের মধ্যে যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন।**
**৫ নং প্রশ্নের উত্তরদান আবশ্যিক।**

১। 'নুরজাহান' নাটকে পাশ্চাত্য প্রভাবের স্বরূপ ব্যাখ্যা করুন। ১৬

**অথবা**

'নুরজাহান'-কে বাংলা সাহিত্যের গুরুত্বপূর্ণ নারী-ট্র্যাজেডি (She-tragedy) হিসাবে গণ্য করা যায় কি?— আলোচনা করুন।

২। 'প্রফুল্ল' নাটকে যে সামাজিক সমস্যা রূপায়িত হয়েছে তার স্বরূপ উন্মোচন করুন।

**অথবা**

'প্রফুল্ল' নাটকটিতে করুণ রসের বাড়াবাড়ি আছে— মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করুন।

৩। 'টিনের তলোয়ার' নাটকের গঠন-কৌশল ব্যাখ্যা করুন। ১৬

অথবা

'টিনের তলোয়ার' বলতে নাট্যকার কী বুঝিয়েছেন তা নাটকটির নামকরণ পর্যালোচনা করে বুঝিয়ে দিন।

৪। 'সধবার একাদশী' নাটকটি বহিরঙ্গে প্রহসন হলেও এর মধ্যে অন্তঃসলিলা ট্রাজিক সংবেদনার পরিচয় রয়েছে।— এ বিষয়ে আপনার অভিমত দিন। ১৬

অথবা

''অটল ও নিমচাঁদ পরস্পরের পরিপূরক চরিত্র''— মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন।

৫। 'ফরিদ সসৈন্যে তার পিছুপিছু ছুটলেন'— ফরিদ কে? তিনি কার পিছু পিছু ছুটলেন? ১ + ১ = ২

২০০৭

# বাংলা

## (নতুন পাঠক্রম)

## প্রথম পত্র

সময় : ৪ ঘণ্টা — পূর্ণমান : ১০০

প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।

### প্রথম অর্ধ

মান : ৫০

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : ১৫ × ২=৩০

ক) 'মৈথিল কোকিল' বিদ্যাপতির বাংলা সাহিত্যের ইতিহাসে অন্তর্ভুক্তির কারণ নির্দেশ করুন।

খ) শ্রীমদ্ভাগবত অনুবাদে মালাধর বসুর কৃতিত্ব নির্ণয় করুন।

গ) মনসামঙ্গল কাব্যের দু-জন প্রধান কবির পরিচয় দিন ও তাঁদের কাব্যের বৈশিষ্ট্য নিরূপণ করুন।

ঘ) নাথ সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় দিন।

২। দুশো পঞ্চাশ (২৫০) শব্দের মধ্যে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন: ১০ × ২=২০

ক) বাংলা সাহিত্যে মৈমনসিংহ-গীতিকার গুরুত্ব বিচার করুন।

খ) শ্রীচৈতন্যের জীবনীকাব্য রচনায় কৃষ্ণদাস কবিরাজের কৃতিত্ব নির্ণয় করুন।

গ) নরহরি চক্রবর্তীর 'ভক্তিরত্নাকর'-এর বৈশিষ্ট্য নিরূপণ করুন।

ঘ) রামেশ্বর ভট্টাচার্যের 'শিবায়ন' কাব্যটির সবিশেষ পরিচয় দিন।

## দ্বিতীয় অর্ধ

**মান : ৫০**

১। **যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :** ১৫ × ২=৩০

ক) মধ্যযুগীয় কবিতার অনুসরণের পথ ত্যাগ করে বাংলা কবিতাকে উনিশ শতকীয় বাতাবরণে স্থাপন করেন ঈশ্বরচন্দ্র গুপ্ত ; যদিও কোনো কোনো দিক থেকে তিনি ছিলেন রক্ষণশীল।—আলোচনা করুন।

খ) বাংলা গদ্যের নির্মাণে বিদ্যাসাগরের কৃতিত্বের পরিচয় দিন।

গ) মধুসূদন দত্তের নাটকগুলির পরিচয় দিয়ে বাংলা নাট্যসাহিত্যে সেগুলির গুরুত্ব বিচার করুন। প্রসঙ্গত বাংলার রঙ্গমঞ্চের সঙ্গে তাঁর সংযোগের দিকটি দেখান।

ঘ) ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্রের রচনাবৈশিষ্ট্যের পরিচয় দিয়ে বাংলা উপন্যাসের ইতিহাসে তাঁর গুরুত্ব বিচার করুন।

২। **যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন। (দুশো পঞ্চাশ (২৫০) শব্দের মধ্যে উত্তর দিন:** ১০ × ২=২০

ক) বাংলা ছোটোগল্পের ইতিহাসে রবীন্দ্রনাথের অতিপ্রাকৃত রসের গল্পগুলি এমন এক সংযোজন যা স্বক্ষেত্রে এখনও অতুলনীয় হয়ে আছে। এর কারণ বিশ্লেষণ করুন।

খ) প্রমথ চৌধুরীর প্রবন্ধ বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন।

গ) উপন্যাস রচয়িতা হিসেবে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের বিশিষ্টতা সংক্ষেপে বুঝিয়ে দিন।

ঘ) ভারতীয় গণনাট্য-সংঘ বাংলা নাট্যের ইতিহাসে কী ভূমিকা গ্রহণ করেছে তা সংক্ষেপে আলোচনা করুন।

---

২০০৭

বাংলা

নতুন পাঠক্রম)

দ্বিতীয় পত্র

সময় : ৪ ঘণ্টা পূর্ণমান : ১০০

প্রতি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।

প্রথম অর্ধ

মান : ৫০

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : ১৫ × ২=৩০

ক) 'চর্যাগীতি'তে বর্ণিত ধর্ম ও দর্শনতত্ত্বের পরিচয় দিন।

খ) 'শ্রীকৃষ্ণকীর্তন'-এ জয়দেবের প্রভাব নির্ণয় করুন।

গ) 'মনসাবিজয়'-এ দেবী মনসার পুজোপ্রচার ও ভক্তমাহাত্ম্য প্রচারিত হলেও, এই কাব্যের মানবিক আবেদন কম নয়।— মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন।

২। দুশো পঞ্চাশ (২৫০) শব্দের মধ্যে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

১০ × ২=২০

ক) 'চর্যাগীতি'র 'নির্মলগীরাটীকা'র বৈশিষ্ট্য নির্ণয় করুন।

খ) 'শ্রীকৃষ্ণকীর্তন'-এ বড়ায়ি চরিত্রের ভূমিকা নির্দেশ করুন।

গ) 'মনসাবিজয়'-এ বর্ণিত রাখাল-উপকাহিনির গুরুত্ব নির্ণয় করুন।

## দ্বিতীয় অর্ধ

**মান : ৫০**

১। **যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :** ১৫ × ২=৩০

ক) ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতায় প্রতিফলিত সমাজচেতনার স্বরূপ আলোচনা করুন।

খ) ঊনবিংশ শতাব্দীর বিত্তকৌলীন্যের বিপরীতে বিদ্যাগৌরব এবং আত্মপ্রতিষ্ঠার ব্যর্থতা 'মেঘনাদবধকাব্য'-এর রসপরিণতিকে ট্রাজিক করে তুলেছে। —এই অভিমতের আলোকে 'মেঘনাদবধকাব্য'-এর পরিণামে যুগচেতনার পরিচয় দিন।

গ) 'বাঙ্গালা কাব্যে হেমচন্দ্রের বিশেষ দান হইল স্বদেশপ্রেমের উত্তেজনা সঞ্চার'। — আলোচনা করুন।

ঘ) ঊনবিংশ শতাব্দীর গীতিকবিতায় বিষাদমূলক কবিতার নতুন যে ধারাটি দেখা গেল, আপনাদের পাঠ্যকবিতাগুলি অবলম্বনে তা আলোচনা করুন।

২। **আড়াইশো (২৫০) শব্দের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন:**

১০ × ২=২০

ক) ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করুন।

খ) ঐতিহ্যের প্রায় বিপরীতে সংস্থাপিত বিভীষণ চরিত্রটি মধুসূদনের হাতে কীভাবে পুনর্নির্মিত হয়েছে তা ব্যাখ্যা করুন।

গ) খেয়ে যান্ নিয়ে যান্, আর যান্ চেয়ে—
হায় হায় অই যায় বাঙালীর মেয়ে!

— এই পংক্তি-দুটি স্মরণে রেখে বাঙালি মেয়েদের প্রতি কবি হেমচন্দ্রের প্রকৃত মনোভাব বিশ্লেষণ করুন।

ঘ) ঊনবিংশ শতাব্দীর প্রেম-বিষয়ক কবিতার ক্ষেত্রে 'অদ্ভুত অভিসার' কবিতাটিতে অভিসারের এক নতুন মাত্রা ধরা পড়েছে।— সংক্ষেপে আলোচনা করুন।

---

২০০৭

বাংলা

(নতুন পাঠক্রম)

তৃতীয় পত্র

সময় : ৪ ঘণ্টা | পূর্ণমান : ১০০

**প্রতিটি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।**

**দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।**

**উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে।**

## প্রথম অর্ধ

মান : ৫০

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : ১৫ × ২=৩০

ক) ‘চিত্রা’-র নাম কবিতায় ‘বিচিত্ররূপিণী’ ও ‘অন্তরবাসিনী’র মধ্যে কবি যে যোগসূত্র রচনা করেছেন তা নিজের ভাষায় ব্যাখ্যা করুন।

খ) ‘খেয়া’-র বিভিন্ন কবিতায় প্রকৃতি এক গূঢ় বার্তা বহন করেছে। —প্রাসঙ্গিক কয়েকটি কবিতা অবলম্বন করে মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন।

গ) ‘অসংকুচিত গদ্যরীতিতে কাব্যের অধিকারকে অনেক দূর বাড়িয়ে দেওয়া সম্ভব এই আমার বিশ্বাস এবং সেই দিকে লক্ষ রেখে এই গ্রন্থে প্রকাশিত কবিতাগুলি লিখেছি।’— রবীন্দ্রনাথের এই চাওয়া কতদূর সত্যি হয়ে উঠতে পেরেছে তা ‘পুনশ্চ’-র ভাষাভঙ্গির অভিনবত্ব বিচার করে লিখুন।

ঘ) ‘এখনো হয়নি খোলা আমার জীবন-আবরণ —
সম্পূর্ণ যে আমি

রয়েছে গোপনে অগোচর।

'জন্মদিনে'-র কবিতায় জীবনের প্রান্তিক সীমায় দাঁড়িয়ে যে কবি-অনুভব দেখা দিয়েছে তার স্বরূপ আলোচনা করুন।

২। দুশো পঞ্চাশ (২৫০) শব্দের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন।

১০ × ২=২০

ক) স্বর্গ থেকে বিদায় মর্ত্যবাসীর পক্ষে কোনো অভিশাপ নয়, আশীর্বাদ। – 'স্বর্গ হইতে বিদায়' কবিতা অবলম্বনে মন্তব্যটি বিশদ করুন।

খ) 'খেয়া'-র প্রথম কবিতাটির নাম 'শেষ খেয়া' কেন হয়েছে বলে আপনি মনে করেন আলোচনা করে দেখান।

গ) ছবির রবীন্দ্রনাথ 'পুনশ্চ'-র কবিতায় কবিতার প্রত্যক্ষতাকে চিত্ররূপময় বর্ণনার সাহায্যে যেভাবে বাড়িয়ে তুলেছেন তা 'পুকুরধারে' বা 'সুন্দর' কবিতা অবলম্বনে ব্যাখ্যা করুন।

ঘ) 'জন্মদিনে'-র ৩১ সংখ্যক কবিতায় ('প্রচ্ছন্ন পশু') নিন্দা ও ধিক্কারের মধ্যে দিয়ে মানবতাবাদী রবীন্দ্রনাথের যে-অসন্তোষ ব্যক্ত হয়েছে তা সংক্ষেপে ব্যাখ্যা করুন।

## দ্বিতীয় অর্ধ

**মান : ৫০**

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : ১৫ × ২=৩০

ক) রবীন্দ্রোত্তর বাংলা কবিতায় মোহিতলাল মজুমদারের গুরুত্ব কোথায়, তাঁর সীমাবদ্ধতাই বা কোন্‌খানে? পাঠ্য কবিতা থেকে প্রাসঙ্গিক উদ্ধৃতিসহ এ বিষয়ে আপনার ধারণা প্রকাশ করুন।

খ) মাতৃভাষা-সূত্রে হিন্দু পুরাণ এবং ধর্মীয় উত্তরাধিকার-সূত্রে ইসলামীয় প্রাচীন কথা গভীরভাবে আয়ত্ত করেন কাজী নজরুল ইসলাম। তাঁর কবিতায় পুরাণের প্রয়োগে এই দুই ধারার যে-সমন্বয় ঘটেছিল তার সার্থকতা নিরূপণ করুন।

গ) 'মৃত্যুচেতনার গভীর ও বিচিত্র প্রকাশ ঘটেছে জীবনানন্দের কবিতায়।' এই মৃত্যুবোধ জীবনচেতনার বিরোধী কি - না প্রাসঙ্গিক কবিতার দৃষ্টান্তসহ বিচার করুন।

ঘ) 'তিরিশ চল্লিশের বাংলা কবিতায় জীবনবোধ ও কাব্যবৈশিষ্ট্যের পার্থক্য থাকলেও লোকাভরণ শৈলী প্রয়োগের সাদৃশ্য দেখা যায়।" অভিমতটি যুক্তি ও উদাহরণ আলোচনা করুন।

২। **দুশো পঞ্চাশ (২৫০) শব্দের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন।**

১০ × ২=২০

ক) মোহিতলালের 'নারীস্তোত্র' কবিতাটির ভাবগত ও রূপগত বৈশিষ্ট্য আলোচনা করুন।

খ) 'ফরিয়াদ' কবিতায় ঈশ্বরের বিরুদ্ধে নজরুলের মূল অভিযোগগুলি বিবৃত করুন।

গ) 'রূপসী বাংলা'র কবিতায় প্রকৃতিমুগ্ধতার সঙ্গে মিশেছে বিষণ্ণতাবোধ। এই বিষাদ কেন, বুঝিয়ে দিন।

ঘ) 'দশানন' কবিতার ভাবগত ও রূপগত বৈশিষ্ট্য আলোচনা করুন।

২০০৭

# বাংলা

## (নতুন পাঠক্রম)

## চতুর্থ পত্র

সময় : ৪ ঘণ্টা | পূর্ণমান : ১০০

**প্রতিটি অর্ধের উত্তর স্বতন্ত্র উত্তরপত্রে লিখতে হবে।**

**দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।**

**যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন।**

## প্রথম অর্ধ

**মান : ৫০**

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : ১৫ × ২=৩০

ক) রামায়ণ অনুবাদের ক্ষেত্রে কৃত্তিবাস অপেক্ষা রাজশেখর বসুকে বুদ্ধদেব বসু মূল্য দিয়েছেন বেশি। এর কারণ দৃষ্টান্ত সহযোগে বুঝিয়ে দিন।

খ) 'বিষবৃক্ষ' উপন্যাসে সংযুক্ত কয়েকটি চিঠি নগেন্দ্র-চরিত্রের মনের গতি-প্রকৃতি উদ্‌ঘাটনে কীভাবে বিশেষ গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে তার পরিচয় দিন।

গ) 'গৃহদাহ' একটি নায়িকা -প্রধান উপন্যাস।—অচলা চরিত্রটির বিশ্লেষণ প্রসঙ্গে এই বক্তব্যটি বিচার করুন।

ঘ) 'কেবল কৃষকের শ্রীবৃদ্ধি নাই।' — কৃষকের শ্রীবৃদ্ধির পথে অন্তরায়গুলি চিহ্নিত করে এই উক্তির তাৎপর্য ব্যাখ্যা করুন।

২। দুশো পঞ্চাশ (২৫০) শব্দের মধ্যে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন। ১০ × ২=২০

ক) রবীন্দ্রকবিতার উত্তরসাধক হিসাবে কাজী নজরুল ইসলামের নতুনত্ব ও সীমাবদ্ধতা সম্বন্ধে বুদ্ধদেব বসুর অভিমত জানান।

খ) 'বিষবৃক্ষ' উপন্যাসের কেন্দ্রীয় কাহিনি এবং উপন্যাসটির অভিপ্রায় উভয়দিক থেকে কমলমণি -শ্রীশচন্দ্রের দাম্পত্যকথার গুরুত্ব বিচার করুন।

গ) সুরেশ যুক্তি-বুদ্ধি দিয়ে জীবনকে গ্রহণ করেনি, সে শুধু আবেগে চালিত হয়েছে। —এ সম্বন্ধে অভিমত দিন।

ঘ) 'উত্তরচরিত' প্রবন্ধ অবলম্বনে বাল্মীকি ও ভবভূতির চিত্রিত রামচরিত্রের পার্থক্য ও তার কারণ আলোচনা করুন।

## দ্বিতীয় অর্ধ

**মান : ৫০**

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : ১৫ × ২=৩০

ক) যথার্থ বিচারে 'সধবার একাদশী' কমেডি না ফার্স — আলোচনা করুন।

খ) গিরিশচন্দ্রের 'প্রফুল্ল' নাটকটিতে যোগেশ কেন্দ্রীয় চরিত্র হওয়া সত্ত্বেও নাটককার নাটকটির নামকরণ করেছেন 'প্রফুল্ল'। —এ বিষয়ে আপনার মন্তব্য সহ 'প্রফুল্ল' নাটকের নামকরণের সার্থকতা বিচার করুন।

গ) 'নুরজাহান' নাটকের নাট্যকৌশল প্রয়োগে নাটককারের সার্থকতা বিচার করুন।

ঘ) উৎপল দত্তের 'টিনের তলোয়ার' নাটক বঙ্গরঙ্গমঞ্চের নিছক দলিল নয়, —এক সুনির্দিষ্ট রাজনৈতিক ভাষ্যের অনবদ্য রূপায়ণ।— এই মন্তব্য মনে রেখে 'টিনের তলোয়ার' নাটকটির গোত্রবিচার করুন।

২। দুশো পঞ্চাশ (২৫০) শব্দের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন।

১০ × ২=২০

ক) দীনবন্ধু মিত্রের 'সধবার একাদশী' নাটকের নিমচাঁদ চরিত্রের মধ্যে মাইকেল মধুসূদনের চরিত্রের ছায়াপাত ঘটেছে কিনা আলোচনা করুন।

খ) গিরিশচন্দ্রের 'প্রফুল্ল' নাটকের রমেশ চরিত্রের নাট্যোপযোগিতা সংক্ষেপে আলোচনা করুন।

গ) 'নুরজাহান' নাটকে সাম্প্রদায়িক মৈত্রী-ভাবনা কীভাবে ব্যক্ত হয়েছে তা সংক্ষেপে আলোচনা করুন।

ঘ) উৎপল দত্তের 'টিনের তলোয়ার' নাটকের ময়না চরিত্র বস্তুত নাটককারের অনবদ্য সৃজন। মন্তব্যটির সার্থকতা সংক্ষেপে আলোচনা করুন।

---

২০১২

# বাংলা

## প্রথম পত্র

## (নতুন পাঠক্রম)

সময় : চার ঘণ্টা — পূর্ণমান : ১০০

প্রতি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে।

*দক্ষিণ-প্রান্তের সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

### প্রথম অর্ধ

মান : ৫০

৭ সংখ্যক প্রশ্নটির উত্তরদান আবশ্যিক। ১ থেকে ৬ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো **তিনটির** উত্তর দিতে হবে।

১। বাংলা সাহিত্যের প্রথম নিদর্শনরূপে চর্যাগীতির গুরুত্ব আলোচনা করুন। ১৬

২। *রামায়ণ* অনুবাদে কৃত্তিবাসের কৃতিত্ব আলোচনা করুন। ১৬

৩। চণ্ডীমঙ্গল রচনায় মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্ব বিচার করুন। ১৬

৪। চৈতন্যজীবনী রচনায় কৃষ্ণদাস কবিরাজের বৈশিষ্ট্য বিচার করুন। ১৬

৫। ষোড়শ-শতকের বাংলা সাহিত্যের বৈশিষ্ট্য আলোচনা করুন। ১৬

৬। শাক্ত পদাবলী রচনায় রামপ্রসাদ সেনের কৃতিত্ব আলোচনা করুন। ১৬

৭। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিন : ১+১=২

(ক) নারায়ণ দেব কোন ধরনের মঙ্গলকাব্য লিখেছিলেন ?

(খ) অভিসার পদে চৈতন্যপরবর্তী কোন কবির খ্যাতি সবচেয়ে বেশি ?

## দ্বিতীয় অর্ধ

মান : ৫০

৭ সংখ্যক প্রশ্নটির উত্তরদান আবশ্যিক। ১ থেকে ৬ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো **তিনটির** উত্তর দিতে হবে।

১। বাংলা গদ্যের ইতিহাসে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ভূমিকা আলোচনা করুন। ১৬

২। বাংলা উপন্যাসের ইতিহাসে বঙ্কিমচন্দ্রের বৈশিষ্ট্য নিরূপণ করুন। ১৬

৩। বাংলা নাটকের ধারায় মধুসূদনের নাটকগুলির স্থান বিচার করুন। ১৬

৪। রবীন্দ্রকবিতার একটি সংক্ষিপ্ত পরিচয় দান করুন। ১৬

৫। বাংলা সাময়িকপত্রে *বঙ্গদর্শন* পত্রিকার গুরুত্ব নির্ণয় করুন। ১৬

৬। বাংলা কবিতায় সুধীন্দ্রনাথ দত্ত অথবা অমিয় চক্রবর্তীর প্রতিভার নাতিদীর্ঘ মূল্যায়ন করুন। ১৬

৭। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিন : ১+১=২

(ক) *কুলীনকুলসর্বস্ব* কে লিখেছিলেন ?

(খ) *বিসর্জন* গ্রন্থাকারে কোন সময় প্রকাশিত হয়েছিল ?

---

## ২০১২

# বাংলা

## দ্বিতীয় পত্র

## (নতুন পাঠক্রম)

সময় : চার ঘণ্টা পূর্ণমান : ১০০

প্রতিটি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে।

*দক্ষিণ-প্রান্তের সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

### প্রথম অর্ধ

মান : ৫০

১। 'উঁচা উঁচা পাবত তঁহি বসই সবরী বালী' — আপনাদের পাঠ্য ২৮ নং পদটির মধ্যে সাধন-পদ্ধতির সঙ্গে সাহিত্যরস কীভাবে সংযুক্ত হয়েছে আলোচনা করুন। ১৬

*অথবা*

'চর্যাগীতি'-র পুথির নাম, রচনাকাল ও কবিদের নিয়ে যে বিতর্ক আছে, তা নিজের ভাষায় আলোচনা করুন।

২। 'সকল দেবের বোলেঁ হরি বনমালী
অবতার করি করে ধরণীত কেলী'

— এই উক্তির আলোকে কৃষ্ণের আবির্ভাবের বিষটি 'জন্মখণ্ড' অনুসরণে আলোচনা করুন। ১৬

*অথবা,*

রাধাবিরহ অংশে রাধার চরিত্রের যে পরিচয় দিয়েছেন কবি তা নিজের ভাষায় লিখুন।

৩। বিপ্রদাস তাঁর কাব্যে অপ্রধান চরিত্র নির্মাণে কতটা কৃতিত্ব দেখিয়েছেন আলোচনা করুন। ১৬

*অথবা,*

বিপ্রদাস মনসাবিজয় কাব্যে লোকায়ত উপাদান কীভাবে ব্যবহার করেছেন তা উদ্ধৃতিসহ আলোচনা করুন।

৪। **দুটি** প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিতে হবে। ১+১=২

(ক) 'অপনা মাংসেঁ হরিণা বৈরী' চরণটি আপনাদের পাঠ্য কত সংখ্যক চর্যায় আছে ? এর অর্থ কী ?

(খ) বিপ্রদাস তাঁর কাব্যরচনা কাল সম্পর্কে লিখেছেন 'সিন্ধু ইন্দু বেদ শক পরিমাণ' — এটি কত খ্রিস্টাব্দ ?

## দ্বিতীয় অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনও **তিনটি** প্রশ্নের উত্তর লিখতে হবে। ৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতায় সমাজচেতনা যেভাবে ধরা পড়েছে, পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করুন। ১৬

*অথবা*

ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতায় স্বদেশ চেতনার ছবিটি পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করুন।

২। হেমচন্দ্রের কবিতায় সমকালীন মেয়েদের জীবনের যে ছবি ফুটে উঠেছে তা পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করুন। ১৬

*অথবা,*

স্বর্গারোহণ কবিতা অবলম্বনে হেমচন্দ্রের কবিকৃতিত্ব আলোচনা করুন।

৩। *মেঘনাদবধকাব্য* নতুন রীতিতে রচনা করে মধুসূদন বাংলা সাহিত্যে যুগান্তর এনেছেন — মন্তব্যটির যৌক্তিকতা বিচার করুন। ১৬

*অথবা,*

সাহিত্যিক মহাকাব্য হিসেবে *মেঘনাদবধকাব্য*-এর সার্থকতা বিচার করুন।

৪। বঙ্গভাষা কবিতাটির বৈশিষ্ট্য আলোচনা করে, দ্বিজেন্দ্রলাল রায়ের কবিকৃতিত্ব নিরূপণ করুন। ১৬

*অথবা,*

অক্ষয়কুমার বড়ালের মৃত্যু কবিতাটির কাব্যগুণ বিচার করুন।

৫। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিন। ১+১=২

(ক) *মেঘনাদবধকাব্য*-এর তৃতীয় সর্গটির নাম কী ?

(খ) আপনার পাঠ্য *ঈশ্বরগুপ্তের কবিতা সংগ্রহ* বইটির সম্পাদক কে ?

২০১২

# বাংলা

## তৃতীয় পত্র

## (নতুন পাঠক্রম)

সময় : চার ঘণ্টা পূর্ণমান : ১০০

প্রতিটি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে।

*দক্ষিণ-প্রান্তের সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

### প্রথম অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনও **তিনটি** প্রশ্নের উত্তর লিখতে হবে। ৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। 'চিত্রা' কাব্যগ্রন্থে মর্ত্যপ্রীতিমূলক কবিতাও যে বিশেষ উল্লেখযোগ্য, তা উদাহরণসহ প্রমাণ করুন। ১৬

*অথবা*

'চিত্রা' কাব্যের কাহিনিমূলক কবিতাগুলি সম্বন্ধে আপনার ধারণা উদাহরণযোগে প্রকাশ করুন।

২। এক বিশিষ্ট সাহিত্য-সমালোচক বলেছিলেন, "কাব্যটির প্রবেশমুখে স্থাপিত বিষাদ-করুণ সুরের 'শেষ খেয়া' কবিতাটি কবির অরূপলোকে প্রবেশের সংকেত দিচ্ছে।" 'খেয়া' কাব্যের পরিপ্রেক্ষিতে কথাটা বিচার করুন। ১৬

*অথবা,*

'খেয়া' কাব্যগ্রন্থে প্রকাশিত নিসর্গচেতনার স্বরূপ বিশ্লেষণ করুন।

৩। 'পুনশ্চ'র বহু কবিতায় কাব্যভাবনা যেন কাহিনিকে ভাবপ্রকাশের সারথি করেছে। কথাটা দৃষ্টান্তসহ ব্যাখ্যা করুন। ১৬

*অথবা,*

যদি বলা যায়, 'পুনশ্চ' কাব্যে দার্শনিক তত্ত্ব ও মানবতাবোধের মেলবন্ধন ঘটেছে, তাহলে কি ভুল বলা হবে ? এ বিষয়ে আপনার মতামত যুক্তি ও তথ্যসহ প্রমাণ করুন।

৪। 'জন্মদিনে' র 'ঐকতান' কবিতায় কবি নিজের কাব্যভাবনার অপূর্ণতা ও লোকজীবনের পূর্ণতা-প্রকাশকে কীভাবে ব্যাখ্যা করেছেন তা উদাহরণসহ ব্যাখ্যা করুন। ১৬

*অথবা,*

'জন্মদিনে' কাব্যগ্রন্থে কবির আত্মদর্শন ও বিশ্বদর্শন যেন এক বিন্দুতে এসে মিশেছে — কথাটার বিচার করুন।

৫। **দুটি** প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিতে হবে। ১+১=২

(ক) 'পুনশ্চ' কাব্যগ্রন্থের প্রকাশকাল কী ?

(খ) 'জন্মদিনে' কাব্যগ্রন্থের প্রকাশকাল কী ?

## দ্বিতীয় অর্ধ

মান : ৫০

**১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনও তিনটি প্রশ্নের উত্তর লিখতে হবে। ৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।**

১। কবি মোহিতলাল মজুমদারকে অনেকে দুঃখের কবি বলেন। আপনি এই মত সমর্থন করেন ? আপনার পাঠ্য যে-কোনো একটি কবিতা অবলম্বনে আপনি যুক্তি দিন। ১৬

*অথবা*

'মানসলক্ষ্মী' কবিতায় মোহিতলালের মানস-বৈশিষ্ট্যের কী পরিচয় পাওয়া যায় তা ব্যাখ্যা করুন।

২। নজরুলের কবিতায় যে বিদ্রোহী সত্তা দেখা যায় তা মূলত রোমান্টিক চেতনারই অন্যতর প্রকাশ। আপনার পাঠ্য যে-কোনো একটি কবিতা অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করুন। ১৬

*অথবা,*

'জীবনবন্দনা' কবিতায় প্রকাশিত কবির জীবনদৃষ্টির বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করুন।

৩। 'এই পথে, এই পথে আলো জ্বেলে পৃথিবীর ক্রমমুক্তি হবে' — কোন পথে আলো জ্বেলে পৃথিবীর ক্রমমুক্তির কথা বলেছেন কবি জীবনানন্দ ? 'সুচেতনা' অবলম্বনে উত্তর দিন। ১৬

*অথবা,*

'বনলতা সেন' কবিতাটি একটি অসাধারণ রোমান্টিক কবিতা। এই রোম্যান্টিকতার স্বরূপ বিশ্লেষণ করুন।

৪। 'শীতরাত্রির প্রার্থনা' কবিতায় কবি বুদ্ধদেব বসু যে জীবনবোধের কথা বলেছেন তা স্পষ্ট করুন। ১৬

*অথবা,*

অমিয় চক্রবর্তীর 'সংগতি' কবিতায় যে দার্শনিকতাবোধ প্রকাশিত হয়েছে তা নিজের ভাষায় লিখুন।

৫। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিন। ১+১=২

(ক) বিষ্ণু দে-র 'ভিলানেল' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত ?

(খ) জীবনানন্দের 'আটবছর আগের একদিন' কবিতাটি প্রথম কবে প্রকাশিত হয় ?

---

২০১২

# বাংলা

## চতুর্থ পত্র

## (নতুন পাঠক্রম)

সময় : চার ঘণ্টা　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান : ১০০

প্রতিটি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে।

*দক্ষিণ-প্রান্তের সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

## প্রথম অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনও **তিনটি** প্রশ্নের উত্তর লিখতে হবে। ৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র কৃষকদের দুর্দশায় সহানুভূতি প্রকাশ করেছেন, আবার জমিদারদের প্রতি কোনও বিরোধী মানসিকতা তিনি পোষণ করছেন — এই মতামতকেও উপস্থাপন করছেন না। — প্রাবন্ধিকের মানস-প্রবণতার এই দ্বন্দ্বের আলোকে তাঁর বক্তব্য বিশদ করুন। ১৬

*অথবা*

'বহুবিবাহ' প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্র ও বিদ্যাসাগরের বহুবিবাহ-কেন্দ্রিক মত-ভিন্নতার স্বরূপ উদ্ঘাটন করুন।

২। বঙ্কিমচন্দ্রের 'বিষবৃক্ষ' উপন্যাসের মূল কাহিনির যে পরিণতি তাঁর জন্য নগেন্দ্রনাথকেই একমাত্র দায়ী করা যায় কিনা — যুক্তিসহ আলোচনা করুন। ১৬

*অথবা,*

'বিষবৃক্ষ' উপন্যাসে কমলমণি-শ্রীশচন্দ্রের পরিচয় দিয়ে, এদের উপস্থাপনের উপযোগিতা বুঝিয়ে দিন।

৩। 'সাহিত্যচর্চা'-র অন্তর্গত 'শিশুসাহিত্য' প্রবন্ধ অবলম্বনে সাহিত্যিক সুকুমার রায়ের মূল্যায়ন করুন। ১৬

*অথবা,*

'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধ অবলম্বনে সত্যেন্দ্রনাথ দত্ত ও নজরুলের কবি-প্রতিভা বিষয়ে বুদ্ধদেব বসুর অভিমত ব্যক্ত করুন।

৪। 'গৃহদাহ' উপন্যাস মহিম-অচলা-সুরেশ তিনটি চরিত্রের অন্তর্মনের সংকটের শিল্পরূপ। — আলোচনা করুন। ১৬

*অথবা,*

'গৃহদাহ' উপন্যাসে মৃণাল চরিত্রটির গুরুত্ব উপন্যাসটির প্রতিপাদ্য বিষয়-প্রেক্ষিতে বিশদ করুন।

৫। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিতে হবে। ১+১=২

(ক) বঙ্কিমচন্দ্রের লেখা 'বাংলার নব্যলেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধের প্রথম নিদানটি লিখুন।

(খ) 'বিষবৃক্ষ' উপন্যাসের অন্তর্গত দেবেন্দ্র চরিত্রের স্ত্রীর নাম কী ?

## দ্বিতীয় অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনও তিনটি প্রশ্নের উত্তর লিখতে হবে। ৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। 'সধবার একাদশী' নাটকে বিধৃত সমকালীন সমাজচিত্রের পরিচয় দিন। ১৬

*অথবা*

'সধবার একাদশী' রচনার একটি বিশেষ উদ্দেশ্যমূলকতা থাকলেও নাট্যকারের প্রতিভার গুণে রচনাটি শিল্পসফল হয়ে উঠেছে। — এই মন্তব্য সম্পর্কে আপনার মতামত জানান।

২। প্রফুল্ল নাটকের নামকরণ সম্পর্কে আপনার মতামত দিন। ১৬

*অথবা*,

প্রফুল্ল নাটকের গৌণ চরিত্রগুলির নাট্য প্রয়োজনীয়তা বুঝিয়ে দিন।

৩। 'টিনের তলোয়ার' নাটকের বসুন্ধরা চরিত্রটি বিশ্লেষণ করুন। ১৬

*অথবা*,

'টিনের তলোয়ার' নাটকের মূলে আছে নাট্যকারে প্রগাঢ় দেশপ্রেম। — মন্তব্যটি বিশ্লেষণ করুন।

৪। ট্র্যাজিক চরিত্র হিসেবে নুরজাহানের সার্থকতা বুঝিয়ে দিন। ১২

*অথবা*,

'নুরজাহান' নাটকের গঠনকৌশল বিশ্লেষণ করুন।

৫। শুন গো ভারতভূমি
কত নিদ্রা যাবে তুমি ১+১=২

— 'টিনের তলোয়ার'-এ ব্যবহৃত এই গানটির উৎস-নাটকটির নাম লিখুন। ওই নাটকটির নাট্যকার কে ?

---

২০১৩

# বাংলা

## প্রথম পত্র

(নতুন পাঠক্রম)

পূর্ণমান : ১০০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তের সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।

পরীক্ষার্থীকে যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

(প্রতিটি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে)।

## প্রথম অর্ধ

মান : ৫০

৭ সংখ্যক প্রশ্নটির উত্তরদান আবশ্যিক। ১ থেকে ৬ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো **তিনটির** উত্তর দিতে হবে।

১। বাংলা সাহিত্যে শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির গুরুত্ব আলোচনা করুন। ১৬

২। ভাগবতের অনুবাদকরূপে মালাধর বসুর কৃতিত্ব বিচার করুন। ১৬

৩। ধর্মমঙ্গলকে রাঢ়ের জাতীয় কাব্য বলা সঙ্গত কিনা বিচার করুন। ১৬

৪। সপ্তদশ শতকে বৈষ্ণব পদাবলি ও ধর্মের অবক্ষয় শুরু— মন্তব্যটি আলোচনা করুন। ১৬

৫। রোসাঙ রাজসভার সাহিত্যসৃষ্টিগুলি বাংলা সাহিত্যে ব্যতিক্রমী রচনারূপে চিহ্নিত কেন, তা আলোচনা করুন। ১৬

৬। ভারতচন্দ্রের অন্নদামঙ্গল মঙ্গলকাব্যের শেষ উল্লেখযোগ্য নিদর্শন— মন্তব্যটির বিচার করুন। ১৬

৭। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিন : ১ + ১ = ২

(ক) বিপ্রদাস পিপলাই কোন্ জাতীয় মঙ্গলকাব্য লিখেছিলেন?

(খ) পূর্বরাগের পদে সবচেয়ে বেশি কৃতিত্ব কোন্ কবি দেখিয়েছিলেন?

## দ্বিতীয় অর্ধ

মান : ৫০

৭ সংখ্যক প্রশ্নটির উত্তরদান আবশ্যিক। ১ থেকে ৬ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো তিনটির উত্তর দিতে হবে।

১। বাংলা গদ্যের ইতিহাসে রামমোহন রায়ের ভূমিকা আলোচনা করুন। ১৬

২। বাংলা সাময়িক পত্রের ইতিহাসে সংবাদ প্রভাকর-এর গুরুত্ব বিচার করুন। ১৬

৩। বাংলা মহাকাব্য রচনার ধারায় মধুসূদনের কবিকৃতির মূল্যায়ন করুন। ১৬

৪। বাংলা ছোটোগল্পের ইতিহাসে রবীন্দ্রনাথের স্থান নিরূপণ করুন। ১৬

৫। বাংলা নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্ব বিচার করুন। ১৬

৬। কল্লোল যুগের যে-কোনো একজন কবির কবিপ্রতিভার মূল্যায়ন করুন। ১৬

৭। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিন : ১ + ১ = ২

(ক) 'বঙ্গদেশের কৃষক' কার লেখা?

(খ) সবুজপত্র কোন্ বছরে প্রকাশিত হয়?

---

২০১৩

# বাংলা

## দ্বিতীয় পত্র

(নতুন পাঠক্রম)

পূর্ণমান : ১০০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তের সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।

পরীক্ষার্থীকে যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

(প্রতিটি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে)।

## প্রথম অর্ধ

মান : ৫০

১। বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন চর্যাগীতির সাহিত্যিক মূল্য নির্ধারণ করুন। ১৬

অথবা

'সোনে ভরিতী করুণা নাবী'— আপনাদের পাঠ্য ৮ নং পদটির মধ্যে বৌদ্ধ সহজিয়া সাধন-পদ্ধতির যে কথা আছে, তা নিজের ভাষায় আলোচনা করুন।

২। 'আর যত বুইল রাধা গরল বচনে।
তার প্রতিকার যবেঁ না কর আপনে।।'

— 'তাম্বুলখণ্ড'-এ বড়ায়ি রাধার আচরণের যে-যে প্রসঙ্গ কৃষ্ণের কাছে উত্থাপন করেছে, তা আলোচনা করুন। ১৬

অথবা

'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'বংশীখণ্ড'-এর কাহিনি সংক্ষেপে আলোচনা করে এই খণ্ডটির গুরুত্ব ব্যাখ্যা করুন।

৩। 'বিপ্রদাসের অন্যতম বৈশিষ্ট্য ইহাই যে, এখানে কেন্দ্রীয় কাহিনীর সহিত অন্য আখ্যানগুলিও সমান মর্যাদা পাইয়াছে'— এই উক্তি কতদূর সত্য তা বিবৃত করুন। ১৬

অথবা

বিপ্রদাসের 'মনসাবিজয়' কাব্যে দেশ কাল সমাজের যে চিত্র পাওয়া যায়, তা উদ্ধৃতিসহ আলোচনা করুন।

৪। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিতে হবে। ১ + ১ = ২

(ক) 'ধমন চমন বেণি পিণ্ডি বইঠা' — এই চরণটি আপনাদের পাঠ্য কতসংখ্যক চর্যাগীতি-র অন্তর্গত?

(খ) 'কাহ্নাঞিঁর সম্ভোগ কারণে।

লক্ষ্মীক বুলিল দেবগণে।।'

— দেবগণ কী বলেছিলেন?

## দ্বিতীয় অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর লিখতে হবে।
৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। নবীনচন্দ্র সেনের 'প্রণয়োচ্ছ্বাস' কবিতায় প্রণয় এবং প্রণয়ভঙ্গের বেদনা যে কাব্যিক রূপমূর্তি লাভ করেছে, তার পরিচয় দিন। ১৬

অথবা

দেবেন্দ্রনাথ সেনের 'অদ্ভুত অভিসার' কবিতায় বৈষ্ণব পদাবলির অভিসার-চিত্র কীভাবে নতুন মহিমাযুক্ত হয়ে উঠেছে, তা আলোচনা করুন।

২। 'স্বদেশ' কিংবা 'দিল্লির যুদ্ধ'-র মতো কবিতায় উনিশ শতকের বাঙালি বুদ্ধিজীবীর যে মনন-পরিচয় নিহিত আছে তার স্বরূপ ব্যাখ্যা করুন। ১৬

অথবা

যুগসন্ধির কবিরূপে ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিপ্রতিভা পাঠ্য কবিতা অবলম্বনে মূল্যায়ন করুন।

৩। 'মেঘনাদবধ কাব্য'-এ রাম-লক্ষ্মণ-বিভীষণ রামায়ণের চরিত্র হলেও কার্যত মধুসূদন তাঁদের ঐতিহ্যের প্রায় বিপরীতে সংস্থাপিত করেছেন।— এই অভিমতের আলোকে চরিত্র বিচার করুন। ১৬

অথবা

প্রায়োগিক কৃৎ-কৌশল এবং গীতিমাধুর্যে চতুর্থ সর্গ 'মেঘনাদবধ কাব্য'-কে যে স্বতন্ত্র মূল্য ও মহিমায় চিহ্নিত করেছে, তা নিরূপণ করুন।

৪। হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের 'ভারতবিলাপ' কবিতায় স্বদেশভাবনা কীভাবে রূপলাভ করেছে, তা ব্যাখ্যা করুন। ১৬

অথবা

হেমচন্দ্রের খণ্ডকবিতার সংকলন থেকে পাঠ্য কবিতার অনুসরণে তাঁর কবিভাবনার বিশিষ্টতার দিকগুলি আলোচনা করুন।

৫। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিন : ১ + ১ = ২

(ক) অদূরে বাজিছে 'রুল ব্রিটানিয়া'— রুল ব্রিটানিয়া কী?

(খ) দিন-রাতের হিসেবে 'মেঘনাদবধ কাব্য'-এ ক'দিনের ঘটনা বর্ণিত হয়েছে?

---

২০১৩

# বাংলা

## তৃতীয় পত্র

(নতুন পাঠক্রম)

পূর্ণমান : ১০০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তের সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।

পরীক্ষার্থীকে যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

(প্রতিটি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে)।

## প্রথম অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর লিখতে হবে।
৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। নাট্যকাব্য হিসেবে 'আবেদন' কবিতাটির সার্থকতা বিচার করুন। ১৬

অথবা

'চিত্রা'য় রবীন্দ্রনাথের সৌন্দর্যানুভূতির স্বরূপ বিশ্লেষণ করুন।

২। 'আঁধার ঘরে এসেছে আজ দুঃখরাতের রাজা'— 'আগমন' কবিতা অবলম্বনে এই রাজার স্বরূপ নির্ণয় করুন। ১৬

অথবা

বঙ্গভঙ্গবিরোধী আন্দোলনে রবীন্দ্রনাথের সংযুক্তি এবং ক্রমশ বিযুক্তি 'খেয়া'-র কবিতায় কোনো ছাপ ফেলেছে কিনা আলোচনা করুন।

৩। 'পুনশ্চ' বই-এ রবীন্দ্রনাথ গদ্য ছন্দের যেভাবে ব্যবহার করেছেন তার স্বরূপ বুঝিয়ে দিন। ১৬

অথবা

'শিশুতীর্থ' কবিতার মহাকাব্যিক আবেদন বিশ্লেষণ করুন।

৪। 'জন্মদিনে'র কবিতাগুলির অধিকাংশই জীবন অপেক্ষা মৃত্যুর বেশি কাছাকাছি।—মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করুন। ১৬

অথবা

'জন্মদিনে'র ১০-সংখ্যক কবিতার শিল্পোৎকর্ষ বিচার করুন।

৫। পূর্ণবাক্যে উত্তর দিন :

(ক) 'চিত্রা' কবিতা-সংকলনের প্রথম কবিতার নাম লিখুন। ১

(খ) রচনাকালের হিসেবে 'পুনশ্চ'-র প্রথম কবিতা কোন্‌টি? ১

## দ্বিতীয় অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর লিখতে হবে।
৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। 'পান্থ' নামক দীর্ঘ কবিতাটিকে অনেকে মোহিতলালের শ্রেষ্ঠ কবিতা বলেন। ভাবরূপ ও প্রকাশভঙ্গির দিক থেকে এখানে কবির কোন্ কোন্ কাব্যবৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে, তা দৃষ্টান্তসহ ব্যাখ্যা করুন। ১৬

অথবা

'নারীস্তোত্র' কবিতায় কবি মোহিতলাল কি নারীবিরোধী রূপে আত্মপ্রকাশ ঘটিয়েছেন? এ বিষয়ে আপনার সুচিন্তিত মতামত উদাহরণযোগে প্রাকাশ করুন।

২। যদি বলা হয় 'ফরিয়াদ' ও 'আমার কৈফিয়ৎ' কবিতায় উচ্চকিত বক্তব্য যতটা প্রকাশিত হয়েছে, ততখানি কাব্যগুণ বজায় থাকে নি, তাহলে কি ভুল হবে? এ বিষয়ে আপনার বক্তব্য উদ্ধৃতিযোগে প্রকাশ করুন। ১৬

অথবা

ভাবরূপ ও প্রকাশভঙ্গির আলোকে নজরুলের বিখ্যাত কবিতা 'বিদ্রোহী'-র কাব্যবিচার করুন।

৩। 'সাতটি তারার তিমির' আধুনিক কোন্ জীবন-জিজ্ঞাসাকে গূঢ়তর ভঙ্গিতে ব্যাখ্যা করতে নেমেছে? না-কি জিজ্ঞাসার সংখ্যা একাধিক, ব্যাখ্যাও বহুতর? এ বিষয়ে আপনার মতামত বিস্তারিত জ্ঞাপন করুন। ১৬

অথবা

যদি বলা হয় 'বোধ' কবিতায় কবি জীবনানন্দ দাশ জীবনযাপনের অকিঞ্চিৎকরতা ও ফলহীনতা সম্বন্ধে প্রথম মৌলিকভাবে তাঁর অসহায় অঙ্গীকারকে প্রতিষ্ঠা করলেন, তবে ভুল বলা হবে কি? এ বিষয়ে আপনার অভিমত জ্ঞাপন করুন।

৪। "যত দূরেই যাই' কবিতায় সুভাষ মুখোপাধ্যায়ের আন্তর্জাতিকতাবোধের সঙ্গে জাতীয়তাবাদ, এমনকি স্থানিক গুরুত্ববোধের যথার্থ মেলবন্ধন ঘটেছে।" কথাটা ব্যাখ্যা করুন। ১৬

অথবা

'কাক ডাকে' কবিতার মধ্য দিয়ে কবি প্রেমেন্দ্র মিত্র কি আসন্ন কর্কশ দিন ও রাত্রির আঘাত সম্বন্ধে সচেতন করতে চাইছেন পাঠককে? আগামী দুঃসময়কে কবি কীভাবে তাঁর চেতনার অগ্রভাগ দিয়ে বিদ্ধ করেছেন, তা উদাহরণযোগে বিচার করুন।

৫। (ক) নীরেন্দ্রনাথ চক্রবর্তীর 'বাতাসী' কবিতাটির পত্রিকায় প্রকাশ কাল কত?

১ + ১ = ২

(খ) বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের 'মুখোশ' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

---

২০১৩

# বাংলা

## চতুর্থ পত্র

## (নতুন পাঠক্রম)

পূর্ণমান : ১০০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তের সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।

পরীক্ষার্থীকে যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

(প্রতিটি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে)।

## প্রথম অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর লিখতে হবে।
৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। 'বাঙ্গালা ভাষা' প্রবন্ধ অবলম্বনে লিখন-ভাষা সম্পর্কে বঙ্কিমচন্দ্রের অভিমত ব্যক্ত করুন। ১৬

অথবা

'বাঙ্গালার ইতিহাস' প্রবন্ধটি মূলত গ্রন্থ-সমীক্ষা হলেও কীভাবে বঙ্কিমচন্দ্রের ইতিহাস-ভাবনার প্রকাশক হয়ে উঠেছে তা দৃষ্টান্ত-সহ বুঝিয়ে দিন।

২। বঙ্কিমচন্দ্রের 'বিষবৃক্ষ' উপন্যাসে সংযুক্ত চিঠিগুলি উপন্যাসের চরিত্র-চিত্রণ এবং অভিপ্রায়-প্রকাশের ক্ষেত্রে কীভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে তা ব্যক্ত করুন। ১৬

অথবা

'বিষবৃক্ষ' উপন্যাসে কুন্দনন্দিনীর আত্মহত্যা, হীরা-দেবেন্দ্রর উপকাহিনির পরিণতির মধ্যে শিল্পী ও নীতিবাদী বঙ্কিমচন্দ্রের দ্বন্দ্বময়তা কীভাবে প্রকাশিত হয়েছে তা বুঝিয়ে দিন।

৩। 'সাহিত্যচর্চা'-র অন্তর্গত 'রামায়ণ' প্রবন্ধে বুদ্ধদেব বসু বাল্মীকির রাম ও কৃত্তিবাস-চিত্রিত রাম চরিত্রের যে তুলনামূলক আলোচনা করেছেন তার পরিচয় দিন। ১৬

অথবা

'বাংলা শিশু সাহিত্য' প্রবন্ধে অবনীন্দ্রনাথ ঠাকুরের প্রতিভার যে-ভাবে মূল্যায়ন করা হয়েছে তার বিশদ পরিচয় দিন।

৪। 'গৃহদাহ' উপন্যাসে ঘর পুড়ে যাওয়া প্রসঙ্গটি আসলে এক প্রতীকী উপস্থাপনা।—উপন্যাস-প্রেক্ষিতে মন্তব্যটির গুরুত্ব বিচার করুন। ১৬

অথবা

অচলার দ্বান্দ্বিকতার বহুস্তরকে যে-ভাবে শরৎচন্দ্র উপস্থাপন করেছেন তা দৃষ্টান্ত সহযোগে প্রকাশ করুন।

৫। (ক) 'বিষবৃক্ষ' উপন্যাসের শেষ পরিচ্ছেদের নাম কী? ১

(খ) বুদ্ধদেব বসু 'বাংলা শিশু সাহিত্য' প্রবন্ধে কাকে 'সেতুবন্ধী সওদাগর' বলেছেন? ১

## দ্বিতীয় অর্ধ

মান : ৫০

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর লিখতে হবে।
৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। দীনবন্ধু মিত্র-র 'সধবার একাদশী' নাটকের নামকরণের সার্থকতা বিচার করুন। ১৬

অথবা

দীনবন্ধু মিত্র-র 'সধবার একাদশী' নাটকের চরিত্র নির্মাণের সাফল্য-ব্যর্থতা আলোচনা করুন।

২। গিরিশচন্দ্র ঘোষের 'প্রফুল্ল' নাটকে যে সমকালীন সমাজচিত্রের প্রতিফলন দেখা যায়, তার সম্পর্কে আপনার মতামত দিন। ১৬

অথবা

'প্রফুল্ল' নাটকের রমেশ চরিত্র নিছক শয়তান চরিত্র কি না তা বিচার করুন।

৩। 'টিনের তলোয়ার' নাটকের নামকরণ সম্পর্কে আপনার মতামত দিন। ১৬

অথবা

'টিনের তলোয়ার' নাটক কি একটি রাজনৈতিক নাটক? আপনার মতামত দিন। ১৬

৪। 'নুরজাহান' নাটকটি একটি সার্থক ট্রাজেডিমূলক নাটক কি না বিচার করুন। ১৬

অথবা

'নুরজাহান' নাটকের নামকরণের সার্থকতা বিচার করুন।

৫। প্রকাশকাল লিখুন : $^{১}/_{২}+^{১}/_{২}+^{১}/_{২}+^{১}/_{২}=২$

নুরজাহান, প্রফুল্ল, টিনের তলোয়ার, সধবার একাদশী।

---

A/178-4*

২০১৪

বাংলা

# প্রথম পত্র

(নতুন পাঠক্রম)

পূর্ণমান : ১০০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীকে যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

(প্রতিটি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে।)

## প্রথম অর্ধ

(মান : ৫০)

৭ সংখ্যক প্রশ্নটির উত্তরদান আবশ্যিক। ১ থেকে ৬ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো তিনটির উত্তর দিতে হবে।

১। শ্রীরাম-পাঁচালী রচনায় কৃত্তিবাস ওঝার মৌলিকতার ক্ষেত্রগুলি চিহ্নিত করুন। ১৬

২। বৈষ্ণব পদাবলী রচনায় কবি বিদ্যাপতির কৃতিত্ব বিচার করুন। ১৬

৩। চৈতন্যজীবনী সাহিত্যের ধারায় কৃষ্ণদাস কবিরাজের ভূমিকা বিচার করুন। ১৬

৪। চণ্ডীমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যটির গুরুত্ব আলোচনা করুন। ১৬

৫। শাক্তপদাবলীতে রামপ্রসাদ সেনের কৃতিত্ব আলোচনা করুন। ১৬

৬। ময়মনসিংহ-গীতিকার পালা-রচয়িতাদের প্রসঙ্গ উল্লেখ করে, বাংলা সাহিত্যের ইতিহাসে গীতিকাগুলির গুরুত্ব আলোচনা করুন। ১৬

৭। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিন: ১ + ১ = ২

(ক) চর্যাপদে সবচেয়ে বেশি সংখ্যক পদের রচয়িতা কে?

(খ) দৌলত কাজী কার পৃষ্ঠপোষকতায় কাব্য রচনা করেছিলেন?

## দ্বিতীয় অর্ধ

(মান : ৫০)

৭ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক। ১ থেকে ৬ সংখ্যক প্রশ্নের মধ্যে যে কোনো তিনটির উত্তর দিতে হবে।

১। বাংলা গদ্যের ইতিহাসে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ভূমিকা আলোচনা করুন। ১৬

২। বাংলা সাময়িকপত্রের ইতিহাসে বঙ্কিমচন্দ্র-সম্পাদিত 'বঙ্গদর্শন'-এর গুরুত্ব বিচার করুন। ১৬

৩। বাংলা কাব্যরচনায় হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের কবিকৃতির মূল্যায়ন করুন। ১৬

৪। বাংলা উপন্যাসের ইতিহাসে শরৎচন্দ্রের স্থান নিরূপণ করুন। ১৬

৫। বাংলা নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের কৃতিত্ব বিচার করুন। ১৬

৬। গল্পকার প্রভাতকুমার মুখোপাধ্যায়ের সাহিত্য-প্রতিভার মূল্যায়ন করুন। ১৬

৭। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিনঃ ১ + ১ = ২

(ক) 'কল্লোল' পত্রিকার প্রথম প্রকাশকাল কত?

(খ) 'লোকহিত' কার লেখা?

---

A/5-4500

২০১৪

# বাংলা

## দ্বিতীয় পত্র

(নতুন পাঠক্রম)

পূর্ণমান : ১০০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীকে যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

(প্রতিটি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে)।

## প্রথম অর্ধ

(মান : ৫০)

১। 'কা আ তরুবর পঞ্চ বি ডাল'— পদটিতে বৌদ্ধ সহজিয়া ভাব ও কবিত্ব কীভাবে মিলেমিশে আছে আলোচনা করুন।

অথবা

'উঁচা উঁচা পাবত তহিঁ বসই সবরী বালী'— এই ২৮ সংখ্যক চর্যায় সহজসুন্দরী ও মহাসুখচক্রের বিষয় যেভাবে তুলে ধরা হয়েছে তা নিজের ভাষায় লিখুন।

২। শ্রীকৃষ্ণকীর্তনে নাট্যধর্ম প্রাধান্য লাভ করলেও গীতিকবিতার সুর অনুরণিত হয়েছে— আলোচনা করুন। ১৬

অথবা

শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে প্রাচীন বঙ্গদেশ ও তার সমাজ জীবনের ছবি কতখানি ফুটে উঠেছে তা আপনাদের পাঠ্য খণ্ডগুলি অনুসরণে আলোচনা করুন।

৩। বিপ্রদাসের 'মনসাবিজয়' কাব্যের প্রথম পালার কাহিনী নিজের ভাষায় আলোচনা করুন। ১৬

অথবা

বিপ্রদাসের কাব্য 'মনসাবিজয়' -এ মনসা ও চণ্ডীর দ্বন্দ্বের বিষয়টি নিজের ভাষায় লিখুন।

৪। দুটি প্রশ্নেরই পূর্ণবাক্যে উত্তর দিন: ১ + ১ = ২

(ক) 'সোনে ভরতী করুণা নাবী' বৌদ্ধমতে 'সোনে' কথাটির অর্থ লিখুন।

(খ) 'কথাখানি খনি কহিল বড়ায়ি বসিআঁ পাশে'— বড়ায়ি রাধাকে কী দিয়েছেন এই সময়ে?

## দ্বিতীয় অর্ধ

(মান : ৫০)

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর লিখতে হবে। ৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।

১। ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতা কতভাবে সমকালীন সমাজচিন্তার প্রকাশক হয়ে উঠেছে, পাঠ্য কবিতাগুলির সাহায্যে তার পরিচয় দিন। ১৬

অথবা

কবি ও কবিতা নিয়ে যেসব রচনা আছে, ঈশ্বরচন্দ্র গুপ্তের 'কবি' রচনাটি সেখানে ব্যতিক্রমী হয়ে উঠেছে।— বক্তব্যটি বিশদ করুন।

২। 'মেঘনাদবধ কাব্য' রচনাকালে মধুসূদন কখনো জানিয়েছিলেন তিনি গ্রিক কাহিনী ধার করবেন না, কখনো বলেছিলেন যথাসম্ভব গ্রিক কবির মতোই কাব্য লিখবেন। তাঁর এই চাওয়ার প্রেক্ষিতে 'মেঘনাদবধ কাব্য'-এ প্রাচ্য ও পাশ্চাত্য প্রভাব নিরূপণ করুন।

অথবা

উনিশ শতকের যুবমানসের আকাঙ্ক্ষাজনিত আদর্শায়িত মানসী প্রতিমার সন্ধান আছে 'মেঘনাদবধ কাব্য'-র নারী চরিত্রগুলির মধ্যে।— চিত্রাঙ্গদা, প্রমীলা এবং সীতার মধ্যে ওই মানসীপ্রতিমার খোঁজ কীভাবে প্রকাশ পেয়েছে?

৩। হেমচন্দ্রের খণ্ড কবিতাবলীতে পাঠ্য কবিতাগুলি অনুসরণে কবির নারীভাবনার স্বরূপ বিশ্লেষণ করুন। ১৬

অথবা

উনিশ শতকের গীতিকবিতার বৈশিষ্ট্যগুলি হেমচন্দ্রের কবিতায় কতভাবে আধারিত হয়েছে তা পাঠ্য কবিতাগুলি অবলম্বনে লিখুন।

৪। উনিশ শতকের গীতিকবিতা সংকলনে পাঠ্য কবিতাগুলির মধ্যে প্রকৃতিবিষয়ক রচনাগুলিতে কবিভেদে প্রকৃতি বন্দনার ভিন্নতা এবং ঐক্য বিষয়ে আলোচনা করুন। ১৬

অথবা

নবীনচন্দ্র সেনের 'মাইকেল মধুসূদন দত্ত' এবং অক্ষয়কুমার বড়ালের 'মৃত্যু'-র মতো কবিতা উনিশ শতকের বাংলা কাব্য-কবিতায় বিষাদমূলক ধারার সূচনা করেছিল।—অভিমতটির যথার্থতা নির্ধারণ করুন।

৫। পূর্ণবাক্যে উত্তর দিন: ১ + ১ = ২

(ক) 'বৃথা আশা। পূর্বজন্মফলে
হেরি তোমা দোঁহে আজি এ কাল আসনে।'
—'দোঁহে' বলতে কাদের বোঝানো হয়েছে?

(খ) 'বিদেশীর পদে জীবন গোঁয়ালে'— 'গোঁয়ালে' কথাটির অর্থ কী?

---

A/6-4500

২০১৪

# বাংলা

## তৃতীয় পত্র

(নতুন পাঠক্রম)

পূর্ণমান : ১০০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীকে যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

(প্রতিটি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে)।

## প্রথম অর্ধ

(মান : ৫০)

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর লিখতে হবে। ৫ সংখ্যক প্রশ্নের উত্তর দান আবশ্যিক।

১। 'চিত্রা'-র নাম-কবিতায় 'বিচিত্ররূপিণী' ও 'অন্তরবাসিনী'-র মধ্যে কবি যে-যোগসূত্র স্থাপন করেছেন, তা নিজের ভাষায় ব্যাখ্যা করুন। ১৬

অথবা

'স্বর্গ হইতে বিদায়' কবিতাটি বিশ্লেষণ করে কবির মর্ত প্রীতির স্বরূপ বিচার করুন।

২। 'খেয়া' শুধু একটি কবিতা-সংকলনের নাম নয়, এই নামে ব্যহৃত হয়েছে রবীন্দ্রনাথের কবিতার অন্তরচরিত্র।— মন্তব্যটির যাথার্থ বিচার করুন। ১৬

অথবা

'খেয়া' সংকলনে স্থানপ্রাপ্ত কবিতায় 'ঝড়', 'রাত্রি', 'দুর্যোগ', 'বজ্র', 'দুঃখ', 'মহারাজ'— প্রভৃতি শব্দগুলি ব্যবহারের কোনো অন্তর্নিহিত তাৎপর্য আছে কিনা আলোচনা করে দেখান।

৩। টুকরো দেখা, টুকরো লেখার যে গভীরতা 'পুনশ্চ'-র 'দেখা' কিংবা 'খেয়াই'-এর মতো কবিতায় প্রকাশ পেয়েছে তার পরিচয় দিন। ১৬

অথবা

'পুনশ্চ' বই-এর নামকরণের সার্থকতা বিচার করুন।

৪। 'জন্মদিনে'র একাধিক কবিতায় রবীন্দ্রনাথ মানুষের মধ্যে যে 'প্রচ্ছন্ন পশু'-র কথা বলেছেন, সেই ভাবনাটিকে ব্যাখ্যা করুন। ১৬

অথবা

'জন্মদিনে'-র ১৯ সংখ্যক কবিতায় কবির ফেলে আসা শৈশব-বাল্যের জীবন যে স্নিগ্ধতা নিয়ে দেখা দিয়েছে তার স্বরূপ ব্যাখ্যা করুন।

৫। পূর্ণবাক্যে উত্তর দিনঃ

(ক) 'চিত্রা'র ব্রাহ্মণ কবিতাটির উৎস কী? ১

(খ) 'শিশুতীর্থ' কবিতাটি 'বিচিত্রা' পত্রিকায় কোন্ শিরোনামে প্রকাশিত হয়েছিল? ১

## দ্বিতীয় অর্ধ

(মান : ৫০)

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর লিখতে হবে। ৫ সংখ্যক প্রশ্নের উত্তর দান আবশ্যিক।

১। 'অঘোরপন্থী' কবিতায় মোহিতলালের বলিষ্ঠ জীবনচেতনা প্রতিফলিত— কবিতা বিশ্লেষণ করে এ বিষয়ে আপনার মতামত দিন। ১৬

অথবা

যুগ যুগান্তের গ্লানি মোচনের ছবি 'কালাপাহাড়' কবিতার মূল সুর— আলোচনা করুন।

২। 'আজ সৃষ্টি সুখের উল্লাসে' কবিতায় নজরুলের সৃষ্টি ভাবনার কোনো পরিচয় পাওয়া যায় কি? এ বিষয়ে আপনার মতামত দিন। ১৬

অথবা

'জীবন-বন্দনা' কবিতায় কাজী নজরুল ইসলাম যে জীবনের বন্দনা করেছেন কবিতাটি অবলম্বনে আলোচনা করুন।

৩। 'বনলতা সেন' চিরন্তন প্রেমের কবিতা— এই মন্তব্যের আলোয় নিজের মতামত ব্যক্ত করুন।

অথবা

বিপন্ন পৃথিবীর গভীর অসুখের মধ্যেও কবি অখণ্ড সূর্যোদয়ের স্বপ্ন দেখেছেন— জীবনানন্দের 'সুচেতনা' কবিতা অবলম্বনে বক্তব্যের যথার্থতা বিচার করুন।

৪। শীতের দীর্ঘ রাত্রির পর নবজন্মের প্রতীক্ষা বুদ্ধদেব বসুর 'শীতরাত্রির প্রার্থনা' কবিতায় যেভাবে প্রতিফলিত হয়েছে তা আলোচনা করুন। ১৬

অথবা

'সংগতি' কবিতায় সুর ও বেসুর মিলে যাওয়ার যে জীবন-ছন্দটি প্রকাশিত হয়েছে তা আলোচনা করুন।

৫। (ক) 'আট বছর আগের একদিন' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? ১ + ১ = ২

(খ) 'বিদ্রোহী' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

---

২০১৪

# বাংলা

## চতুর্থ পত্র

(নতুন পাঠক্রম)

পূর্ণমান : ১০০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীকে যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

(প্রতিটি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে)।

### প্রথম অর্ধ

(মান : ৫০)

১ থেকে ৪ সংখ্যক প্রশ্নের মধ্যে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর লিখতে হবে। ৫ সংখ্যক প্রশ্নের উত্তর দান আবশ্যিক।

১। .... রামায়ণের রামচন্দ্র হইতে ভবভূতির রামচন্দ্র অধিকতর কোমল প্রকৃতি। 'উত্তরচরিত' প্রবন্ধে স্থানপ্রাপ্ত বঙ্কিমচন্দ্রের এই মন্তব্যের আলোকে রামচন্দ্রের প্রকৃতির পরিচয় দিন। ১৬

অথবা

'যদি এ দেশে জমীদারে কৃষককে পীড়িত করেন, ইহা সত্য হয়, তবে তাহাতে ইংরাজ রাজপুরুষ দিগের অবশ্য দোষ আছে।— 'বঙ্গদেশের কৃষক' অবলম্বনে মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করুন।

২। বঙ্কিমচন্দ্রের 'বিষবৃক্ষ' উপন্যাসে চিত্রিত নারীচরিত্রগুলির আলোকে তাঁর নারীভাবনার বিশিষ্টতা নিরূপণ করুন। ১৬

অথবা

'বিষবৃক্ষ' উপন্যাসটির নামকরণ তাৎপর্যময়।— ব্যাখ্যা করুন।

৩। 'রামায়ণে অসংগতি অসংখ্য।'— এ-কথা যেমন জানিয়েছেন বুদ্ধদেব বসু তেমনি বলেছেন 'হয়তো উপেক্ষাই শ্রেষ্ঠ নিরীক্ষা'।— এই মন্তব্য-দুটির আলোকে প্রাবন্ধিকের অভিমত ব্যক্ত করুন। ১৬

অথবা

'নজরুল ইসলাম থেকে সুভাষ মুখোপাধ্যায়, দুই মহাযুদ্ধের মধ্যবর্তী অবকাশ— এই কুড়ি বছরের বাংলা কবিতার রবীন্দ্রাশ্রিত নাবালক দশার অবসান হ'লো।'— এই উক্তিটির আশ্রয়ে প্রাবন্ধিকের মতামতের যথার্থতা বিচার করুন।

৪। মৃণাল 'গৃহদাহ' উপন্যাসের নায়িকা না হয়েও কোন্ কোন্ দিক থেকে গুরুত্বপূর্ণ চরিত্র হয়ে উঠেছে তা দৃষ্টান্তসহ বুঝিয়ে দিন। ১৬

অথবা

'গৃহদাহ' উপন্যাসটিতে চরিত্র-তিনটির মনস্তাত্ত্বিক সংকট কতটা বাস্তবসম্মত রূপ পেয়েছে তা বিচার করুন।

৫। (ক) 'মুষ্টি ভিক্ষা হউক, কিন্তু সুবর্ণের মুষ্টি।' 'সুবর্ণের মুষ্টি' বলে অভিহিত গ্রন্থটির পৃষ্ঠা সংখ্যা কত? ১ + ১ = ২

(খ) 'গৃহদাহ' উপন্যাসের শেষ সংলাপটি লিখুন।

## দ্বিতীয় অর্ধ

(মান : ৫০)

৫ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক। বাকি প্রশ্নগুলি থেকে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন।

১। দীনবন্ধু মিত্র-র 'সধবার একাদশী' নাটকটি নাটক নয়, কয়েকটি নাট্যচিত্রের সমষ্টি।— মন্তব্যটির যথার্থতা আলোচনা করুন। ১৬

অথবা

'সধবার একাদশী' নাটকটি সমকালীন সমাজচিত্রের জীবন্ত দলিল।— মন্তব্যটির যথার্থতা আলোচনা করুন।

২। ব্যাঙ্ক ফেল হওয়ার ঘটনা 'প্রফুল্ল' নাটকের সংকট-সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছে।— মন্তব্যটির যথার্থতা আলোচনা করুন। ১৬

অথবা

'প্রফুল্ল' নাটকের যোগেশ চরিত্র নির্মাণে গিরিশচন্দ্র ঘোষের সাফল্য-ব্যর্থতা আলোচনা করুন।

৩। 'টিনের তলোয়ার' নাটকের চরিত্র নির্মাণে উৎপল দত্তের সাফল্য-ব্যর্থতা আলোচনা করুন। ১৬

অথবা

'টিনের তলোয়ার' নাটকের গঠনশৈলী নির্মাণ যথার্থ।— মন্তব্যটির যৌক্তিকতা বিচার করুন।

৪। 'নুরজাহান' নাটকটি সার্থক ঐতিহাসিক নাটক কি না বিচার করুন। ১৬

অথবা

'নুরজাহান' নাটকে নুরজাহান চরিত্র নির্মাণে দ্বিজেন্দ্রলালের সাফল্য-ব্যর্থতা আলোচনা করুন।

৫। (ক) 'সধবার একাদশী'র প্রকাশকাল লিখুন। ১

(খ) 'টিনের তলোয়ার' নাটকটি কত তারিখে প্রথম অভিনীত হয়েছিল? ১

---